১৫.১০। ১.১ শ্রেণির স্বত্বাধিকারী ব্যক্তিগতভাবে কাজে নিয়োজিত না হলে। তবে যৌক্তিক কারণে কোম্পানির পূর্বানুমতি নিয়ে স্বত্বাধিকারী নির্দিষ্ট সময়ের জন্য ব্যক্তিগতভাবে কাজে নিয়োজিত হওয়া থেকে অব্যাহতি পেতে পারে।

১৫. ১১। কাজ বাস্তবায়কারী কোন রিজিওনাল অফিস/ ডিপার্টমেন্ট/ বিপণন ডিভিশন/ কোম্পানি কর্তৃক প্রদত্ত কোন কাজ বাস্তবায়নের দিক নির্দেশনা পালন না করলে বা নির্দেশ অনুযায়ী কার্য সম্পাদন না করলে বা কোম্পানির চাহিদাকৃত কোন তথ্যাদি প্রদান না করলে বা করতে গাফিলতি করলে।

১৫.১২। স্থগিতাদেশের মেয়াদ উত্তীর্ণের পর কার্য শুরুর জন্য কোম্পানির পূর্বানুমতির জন্য আবেদন করতে হবে এবং কোম্পানি কর্তৃক বিবেচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫.১৩। স্থগিতাদেশ যে তারিখ হতে কার্যকরী উহার পূর্বের প্রক্রিয়াধীন কাজ সংশ্লিষ্ট রিজিওনাল অফিসের লিখিত পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে সম্পন্ন করা যাবে, তবে নতুনভাবে কোন কাজে নিয়োজিত হওয়া যাবে না। গ্রাহক ইচ্ছা করলে তার কাজ অন্য ঠিকাদার নিয়োজিতকরণের মাধ্যমে সমাপ্ত করতে পারবে। গ্রাহকের দেনা-পাওনা থাকলে নিজ দায়িত্বে ঠিকাদারকে পরিশোধ করতে হবে। নচেৎ তালিকাভুক্তির বিপরীতে জমাকৃত নিরাপত্তা জামানত হতে সমন্বয় করা যেতে পারে এবং সমন্বয়কৃত টাকা ঠিকাদারকে পরিশোধ করতে হবে, পরিশোধ না করা পর্যন্ত তালিকাভুক্তি স্থগিতাদেশ বলবৎ থাকবে।

১৫.১৪। কোম্পানির নিজস্ব বিবেচনায় ঠিকাদার বা প্রতিষ্ঠানের প্রতিনিধি কর্তৃক কার্য সম্পাদনের যে কোন প্রকার অবহেলা, কোন প্রকল্পে নিয়োজিত ঠিকাদার/প্রতিনিধি কর্তৃক প্রকৌশলী বা তার প্রতিনিধির সহিত অসদাচরন, চুক্তির অধীনে কার্য সম্পাদনে ও উদ্বৃত্ত মালামাল ফেরৎ প্রদানে অহেতুক দীর্ঘসূত্রিতা এবং অন্য যে কোন প্রকার নিয়ম বর্হিভূত কাজসহ চুক্তির যে কোন ধারা/শর্ত লংঘনের দায়ে উক্ত ধারা মোতাবেক গৃহীত ব্যবস্থার অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে জরিমানা আদায় সহকারে বা ব্যতিরেকে দায়ী ঠিকাদারের তালিকাভুক্তি সাময়িকভাবে স্থগিত রাখা যাবে। উক্ত সাময়িক স্থগিতদেশের মেয়াদ সর্বোচ্চ ০১(এক) বছর করা যাবে। তালিকাভুক্তি সাময়িক স্থগিতকরণের সময়সীমা এবং জরিমানার পরিমাণ দায়ী ঠিকাদার-কে পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে সম্পূর্ণরূপে কোম্পানির নিজস্ব বিবেচনায় নির্ধারিত হবে (যেমন-মালামাল ফেরত প্রদানে অহেতুক দীর্ঘসূত্রিতার ফলে ক্ষতিগ্রস্থ মালামালে দ্বিগুণ বা তিনগুণ মূল্য বা ঠিকাদারের নিয়ম বর্হিভূত কাজের জন্য ক্ষতির পরিমাণ সমান, দ্বিগুণ বা তিনগুণ মূল্য, এই ক্ষতির পরিমাণ এবং মূল্যও কোম্পানি কর্তৃক নির্ধারিত হবে)। সাময়িক স্থগিত করণের এই ধারা আরোপের ফলে তালিকাভুক্তি/চুক্তির সাধারণ শর্তাবলী বা দরপত্র দলিলের যে কোন ধারা বা শর্তের বর্ণিত দায় হতে সংশ্লিষ্ট ঠিকাদার অব্যাহিত পাবে না।

## ১৬ । <u>যে সব কাজের জন্য ঠিকাদারদের কালো তালিকাভুক্ত করা যাবে:</u>

জনপ্রকল্পে/কার্যে নিয়োজিত ঠিকাদার কর্তৃক কার্য ও মালামাল সংক্রান্ত যে কোন প্রকার তস্করতা, জালিয়াতি, তালিকাভুক্তি ঠিকাদার কর্তৃক কোম্পানির লিখিত অনুমোদন ব্যতীত কোম্পানির যে কোন পাইপ লাইনের কাজ করলে যেমনঃ

১৬.১ । গ্যাস পাইপ লাইন বর্ধিত করলে।

১৬.২ । গ্যাস সরঞ্জামাদি বা গ্যাস পাইপ লাইনের পরিবর্তন সাধন ও রাইজার নির্মাণ করলে।

১৬.৩ । গ্যাসের হাউজ বা সার্ভিস পাইপ লাইন, রাইজার, রেগুলেটর, লক উইং কক, মিটার, এলবো বা যে কোন সরঞ্জামাদি হস্তান্তর করলে।

১৬.৪ । পাইপ লাইন, রাইজার, রেগুলেটর, লক উইং কক, মিটার, নিপল, এলবো বা যে কোন সরঞ্জামাদি অপসারণ করলে অথবা কোম্পানির কোন স্থাপনার ক্ষতিসাধন বা ক্ষতিসাধনের চেষ্টা করলে।

১৫.৫ । স্থায়ী বন্ধ/বন্ধ বা চালু আরএমএস-এর পরিবর্তন সাধন বা পরিবর্তনের চেষ্টা করলে।

১৬.৬ । কোম্পানি কর্তৃক বিচ্ছিন্নকৃত যে কোন প্রকার অননুমোদিত গ্যাস সংযোগ প্রদান করলে।

১৬.৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোন গ্যাস লাইনের গ্যাস সরঞ্জামে সংযোগ প্রদান বা গ্যাস লাইনের সরঞ্জাম অপসারণ করলে।

১৬.৮। তালিকাভুক্তি তফসিলসহ যে কোন প্রকার দরপত্র দলিল ক্রয় বা দাখিলে বিঘ্ন সৃষ্টি করলে।

১৬.৯। সুনির্দিষ্ট অভিযোগের কারণে কালো তালিকাভুক্ত বা তালিকাভুক্তি বাতিল বা স্থগিত কোন ঠিকাদারী প্রতিষ্ঠানের দায়ী ব্যক্তি মালিক হয়ে কোন প্রতিষ্ঠান তালিকাভুক্ত করা হলে।

...................
আবেদনকারীর স্বাক্ষর

১৬.১০। ঠিকাদার কর্তৃক কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারীকে আর্থিক সুবিধা প্রদান/তার জন্য অঙ্গীকার বা প্রলোভিত করলে।

১৬.১১। ঠিকাদার কর্তৃক অন্য যে কোন ধরণের নিয়ম বর্হির্ভূত কাজের জন্য কোম্পানির নিজস্ব বিবেচনায় জরিমানা আদায়সহ বা ব্যতিরেকে সংশ্লিষ্ট ঠিকাদারের তালিকাভুক্তি বাতিলপূর্বক কালো তালিকাভুক্তি করা যাবে। জরিমানার পরিমাণ- গ্যাস পাইপ লাইন বর্ধিত, গ্যাস সরঞ্জামাদি বা গ্যাস লাইনের পরিবর্তন সাধন, রাইজার নির্মাণ, গ্যাসের হাউজ বা সার্ভিস পাইপ লাইন, রাইজার রেগুলেটর, লক উইং কক, মিটার, এলবো বা যে কোন সরঞ্জামাদি স্থানান্তর, পাইপ লাইন, রাইজার রেগুলেটর, লক উইং কক, মিটার, নিপল, এলবো বা যে কোন সরঞ্জামাদি অপসারণ বা কোম্পানির কোন স্থাপনার ক্ষতিসাধন বা ক্ষতি সাধনের চেষ্টা অথবা স্থায়ী বন্ধ, বন্ধ বা চালু আর এম এস-এর পরিবর্তন, কোন স্থাপনার ক্ষতি সাধন বা ক্ষতি সাধনের চেষ্টা বা কোম্পানি কর্তৃক বিচ্ছিন্নকৃত যে কোন প্রকার অনুমোদিত গ্যাস সংযোগ প্রদানের ফলে ক্ষতির ধরণ অনুযায়ী ক্ষতিগ্রস্থ মালামালের দ্বিগুণ বা তিনগুণ মূল্য অথবা ঠিকাদারের নিয়ম বর্হির্ভূত কাজের জন্য ক্ষতির পরিমাণের সমান, দ্বিগুণ বা তিনগুণ মূল্য ঠিকাদারের নিকট হতে আদায় করা হবে। এই ক্ষতির পরিমাণ এবং পরিমাণের মূল্যও কোম্পানি কর্তৃক নির্ধারিত হবে। এই ধারা আরোপের ফলে তালিকাভুক্তি/চুক্তির সাধারণ শর্তাবলীসহ দরপত্র দলিলের কোন ধারা বা শর্তের বর্ণিত দায় হতে সংশ্লিষ্ট ঠিকাদার অব্যাহতি পাবে না।

১৬.১২। ঠিকাদার অথবা তার প্রতিনিধি কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের সাথে অসৌজন্যমূলক ব্যবহার, জালিয়াতির মাধ্যমে কাজগপত্র জমাদান করলে।

১৭। **নিরাপত্তা জামানতসহ তালিকাভুক্তি বাতিলের অধিকার সংরক্ষণঃ**

১৭.১। তালিকাভুক্তির আবেদন বা তফসিলের সহিত কোন ভুল বা অসম্পূর্ণ তথ্য প্রদান করলে উক্ত ঠিকাদার (গণ) কে কারণ দর্শানো বা নোটিশ প্রদান ব্যতিরেকে ঠিকাদারী প্রতিষ্ঠান (বা প্রতিষ্ঠানসূহের) তালিকাভুক্তি স্থগিত/বাতিল/কালো তালিকাভুক্ত পিজিসিএল করতে পারবে ।

১৭.২। কালো তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্ত করা যাবে।

১৭.৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন তালিকাভুক্ত ঠিকাদারের তালিকাভুক্তি যে কোন সময় বাতিল করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে।

১৮। **তালিকাভুক্তি তফসিল গঠনঃ**

**নিম্নবর্ণিত দলিলপত্রের সমন্বয়ে তালিকাভুক্তি তফসিল গঠিত হবে:**

১৮.১। তালিকাভুক্তির জন্য আবেদন ফরম।

১৮.২। তালিকাভুক্তির বিশেষ শর্তাবলী।

১৮.৩। তালিকাভুক্তি/চুক্তির সাধারণ শর্তাবলী (সিডিউল)।

১৯। **ধারা সংযোজন/বিয়োজন/পরিবর্তনঃ**

১৯.১। পিজিসিএল যে কোন সময়ে তালিকাভুক্তি তফসিলের অন্তর্গত যে কোন অংশের যে কোন শর্ত/ধারা/উপধারা পরিবর্ধন/সংশোধন অথবা যে কোন শর্ত/ধারা/উপধারা পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন অথবা যে কোন শর্ত/ধারা/উপধারা সংযোজন/ বিয়োজন করতে পারবে যা ঠিকাদার (গণ) মেনে নিতে বাধ্য থাকবেন।

১৯.২। তালিকাভুক্তি তফসিলে বর্ণিত নাই এমন কোন সংশ্লিষ্ট বিষয় বা তফসিলের কোন ব্যাখ্যার প্রয়োজন হলে/দেখা দিলে কোম্পানির দেয়া সিদ্ধান্ত/ ব্যবস্থা ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ মেনে নিতে বাধ্য থাকবেন।

১৯.৩। তালিকাভুক্তি/ নবায়নের পর কোম্পানির/ পেট্রোবাংলার কোন নীতিমালা/ নিয়মাবলী নতুনভাবে আরোপিত হলে তা এই তফসিলের অন্তর্ভুক্ত হিসেবে গণ্য হবে।

১৯.৪। এই তফসিলের মাধ্যমে তালিকাভুক্তির পর পরবর্তী নবায়নকালে কোন ধরনের পরিবর্তন না হলে/ বিজ্ঞপ্তির মাধ্যমে পরিবর্তন সম্পর্কে কোন ধরণের উল্লেখ না থাকলে ইহা পরবর্তী কালেও বহাল/ বলবৎ থাকবে।

২০। **ঠিকাদারের জনবল/ জনশক্তি নিযুক্তি/ বাতিল সংক্রান্ত:**

২০.১। তালিকাভুক্ত ঠিকাদারের মাঠ পর্যায়ে গ্যাস পাইপলাইন নির্মাণ বাস্তবায়নের জন্য দক্ষ কারিগরি জনশক্তি থাকতে হবে। কারিগরি জনশক্তি (প্রকৌশলী/সুপারভাইজার/ ওয়েল্ডার/ ফিটার ইত্যাদি প্রযোজ্য ক্ষেত্রে) নিযুক্তিকরণ ব্যতীত কোন কাজে নিয়োজিত হওয়া যাবে না।

২০.২। তালিকাভুক্তি/নবায়নকালে কোম্পানি কর্তৃক নির্ধারিত ন্যূনতম জনবলের সংখ্যা অবশ্যই থাকতে হবে এবং এই জনবল
কোম্পানি কর্তৃক সময় সময় সুনির্দিষ্ট এলাকা/ আঞ্চলিক বিতরণ কার্যালয় ভিত্তিক কাজে নিয়োজিত করতে হবে।

২০.৩। তালিকাভুক্তি/ নবায়নকালে কোন জনবল নিযুক্তির ০৬ (ছয়) মাস পর্যন্ত পরিবর্তন বা নতুন ভাবে নিযুক্ত করা যাবে না এবং এই পরিবর্তনের প্রয়োজন হলে সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ কোম্পানি/ পরিকল্পনা ডিপার্টমেন্টে আবেদন করতে হবে।

.................
আবেদনকারীর স্বাক্ষর

পরিকল্পনা ডিপার্টমেন্ট (প্রয়োজনবোধে সংশ্লিষ্ট রিজিওনাল অফিস/ ডিপার্টমেন্ট / ডিভিশন এর মতামত গ্রহণ সাপেক্ষে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। যে কোন কারণে জনবল নিযুক্তি/ বাতিল/ প্রত্যাহার হলে ঐ জনবলের নিকট প্রক্রিয়ারত কার্যাদি সর্বোচ্চ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সমাপ্ত করতে হবে। তিনি সম্পাদনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কার্য সমাপ্ত করতে বাধ্য থাকবে।

২০.৪। শাস্তিজনিত কারণে কোন জনবলের নিযুক্তি বাতিল/ স্থগিত হলে শাস্তির মেয়াদকালীন কোন কাজে বা কোম্পানির কোন দপ্তরে অবাঞ্চিত হিসেবে গণ্য হবে।

২০.৫। কোন জনবলের নিযুক্তির ব্যাপারে কোম্পানির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০.৬। কোন ফিটার ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর কাজে নিয়োজিত না থাকলে বা সনদ নবায়ন না করলে ঐ ফিটারের সনদের কার্যকারিতা বহাল থাকবে না। সেক্ষেত্রে নতুনভাবে ফিটার টেস্টে অংশ গ্রহণের মাধ্যমে উত্তীর্ণ হয়ে নতুনভাবে সনদপ্রাপ্ত হলে কেবল তখনই ফিটার হিসেবে কাজে নিয়োজিত হতে পারবে।

২০.৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই প্রতিষ্ঠানে কর্মরত কারিগরি জনশক্তি (প্রকৌশলী/সুপারভাইজার/ ফিটার/ ওয়েল্ডার ইত্যাদির) বাতিল/ প্রত্যাহার/ পরিবর্তন করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে।

২১। <u>প্রতিষ্ঠানের/ জনবলের বিরুদ্ধে অভিযোগ সংক্রান্তঃ</u>

২১.১। কোন প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের কোন জনবলের/ কাজের বিরুদ্ধে কারো বা কোম্পানির কোন দপ্তরের বা কোন গ্রাহকের কোন ধরণের অভিযোগ থাকলে তা সংশ্লিষ্ট রিজিওনাল অফিস-কে লিখিত আকারে জানাতে/ দাখিল করতে হবে। রিজিওনাল অফিস/সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক প্রাথমিক তদন্তের পর গঠিত অভিযোগনামা নথির মাধ্যমে তা যথাযথভাবে কোম্পানিতে/পরিকল্পনা ডিপার্টমেন্টে প্রেরণ করা হলে, কোম্পানি/ পরিকল্পনা ডিপার্টমেন্ট কর্তৃক গঠিত কমিটির তদন্ত/ সুপারিশ না হওয়া পর্যন্ত প্রাথমিকভাবে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের বা ঐ জনবলের কাজ সাময়িকভাবে স্থগিত করা যেতে পারে।

২১.২। কোম্পানির কোন উপযুক্ত প্রতিনিধি বা সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ঠিকাদারের বিরুদ্ধে যে কোন অভিযোগ বা দৈনন্দিন কার্যক্রম যে কোন সময়ে পরিদর্শন/ তদারকি/ মনিটরিং বা তদন্ত করতে পারবেন এবং প্রয়োজনীয় পরামর্শ/ রিপোর্ট করতে পারবেন।

২২। <u>প্রতিষ্ঠানের জনবলের টেস্ট/ প্রশিক্ষণ/ ওরিয়েন্টশন সংক্রান্তঃ</u>

২২.১। কোম্পানি কর্তৃক সময় সময় কোন টেস্ট/ প্রশিক্ষণ/ ওরিয়েন্টশন কর্মসূচি গ্রহণ করা হলে বাধ্যতামূলকভাবে তাতে স্বত্বাধিকারী, সুপারভাইজার, ওয়েল্ডার, ফিটারদের/ প্রতিনিধিগণের অংশগ্রহণ করতে হবে।

২২.২। ডমেস্টিক ফিটার/ ওয়েল্ডার সনদ নবায়নকালে কর্মদক্ষতা অব্যাহত ও গুণগত মানসম্পন্ন কাজের নিশ্চয়তা বা কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কোম্পানি কর্তৃক আয়োজিত টেস্ট/ প্রশিক্ষণ/ ওরিয়েন্টশন কর্মসূচিতে অংশগ্রহণের মাধ্যমে সনদ নবায়ন করতে হবে।

২৩। <u>বিভিন্ন টেস্ট ফি (প্রযোজ্য ক্ষেত্রে):</u>

ডমেস্টিক ফিটার, ডিস্ট্রিবিউশন ফিটার, ওয়েল্ডার ইত্যাদি টেস্টে নিম্নলিখিত হারে (নগদ/ ডিডি/ পে-অর্ডার- এর মাধ্যমে) ফি জমাদানের মধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

| ক্রমিক নং | বিষয় | টেস্ট ফি | নবায়ন ফি (০৩ বছরের জন্য) |
|---|---|---|---|
| ০১ | ডমেষ্টিক ফিটার | ১,৫০০.০০ | ১,০০০.০০ |
| ০২ | সি-গ্রেড ফিটার | ২,০০০.০০ | ১,৫০০.০০ |
| ০৩ | ওয়েল্ডার (প্রতি গ্রেড)- সি/ ডি | ২,৫০০.০০ | ১,৫০০.০০ |

২৪। <u>প্রতিষ্ঠানের জনবলের কার্যাবলী ও যোগ্যতাঃ</u>

২৪.১। স্বত্বাধিকারী

কাজ:

১.১/১.২ শ্রেণির ঠিকাদারী কার্যক্রম শুরু হতে শেষ পর্যন্ত গ্রাহক ও কোম্পানির সাথে ঠিকাদারকে ওতপ্রোতভাবে জড়িত থাকতে হয় এবং সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে সম্পন্ন করতে হয় বিধায় প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/পাওয়ার অব অ্যাটর্নি ক্ষমতা বলে মনোনীত প্রতিনিধি-কে ব্যক্তিগতভাবে কাজে নিয়োজিত হতে হবে এবং সব কাজের দায়-দায়িত্ব বহন করতে হবে। ১.১ শ্রেণির ঠিকাদারগণ আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকের অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন সর্বোচ্চ ০২ (দুই) পিএসআইজি পর্যন্ত চাপ বহন করবে এবং স্ক্রু বা থ্রেডেড জয়েন্টের জিআই পাইপ দ্বারা স্থাপিত/নির্মিত হবে এবং আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকের অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন সর্বোচ্চ ০২ (দুই) Psig পর্যন্ত চাপ বহন করবে ও স্ক্রু বা থ্রেডেড জয়েন্টের জি আই পাইপ দ্বারা স্থাপিত/নির্মিত হবে এবং এবং শিল্প/চা-বাগান/ক্যাপটিভ পাওয়ার গ্রাহকের ২৫ Psig পর্যন্ত চাপ বহন করতে সক্ষম অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন যা ওয়েল্ডেড জয়েন্টযুক্ত এমএস পাইপ দ্বারা নির্মিত হবে সে সব গ্রাহকের আভ্যন্তরীণ পাইপ লাইন নির্মাণ/প্রতিস্থাপন/স্থানান্তর/পরিবর্তন/পরিবর্ধন বা বর্ধিত করার

................

আবেদনকারীর স্বাক্ষর

লক্ষ্যে গ্যাস সংযোগের উদ্দেশ্যে সম্মতির ভিত্তিতে গ্রাহকগণের সহিত প্রয়োজনীয় যোগযোগকরণ/ গ্রাহকদের আবেদন পত্র/ নকশা/ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট অফিসে যথাযথভাবে জমাকরণ/ জরীপ কাজে ও চাপ পরীক্ষাকরণে সহযোগীতাকরণ/ চাহিদাপত্র গ্রহণ এবং ব্যাংকে জমাকরণের ব্যবস্থা করা/ জমার কপি অফিসে দেওয়া/ অভ্যন্তরীণ কাজ শুরুর ব্যাপারে কার্যসূচী প্রদান ও সে অনুযায়ী ডমেস্টিক ফিটারের মাধ্যমে জিআই লাইন স্থাপন/নির্মাণকরণ। সন্তোষজনক চাপ পরীক্ষার ব্যবস্থাকরণ/ চূড়ান্ত সংযোগের ব্যবস্থাকরণ ও সংযোগের সকল কাগজাদি গ্রাহকের নিকট বুঝিয়ে দেয়াসহ আনুষঙ্গিক কার্যাদি। এই সকল কার্যাদি সংশ্লিষ্ট রিজিওনাল অফিসের পূর্ব অনুমোদন, নির্দেশনা ও সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে সম্পাদন করতে হবে। ব্যক্তি মালিকানাধীন কোন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী পদাধিকারবলে নির্বাহী প্রধান হিসেবে বিবেচিত হবেন এবং লি: প্রতিষ্ঠানের ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলস অনুযায়ী নির্বাহী প্রধান হিসাবে বিবেচিত হবেন।

যোগ্যতাঃ

তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ধারা ৪ অনুযায়ী।

২৪.২। সুপারভাইজার/ প্রতিনিধি (১.১ এর জন্য):

কাজঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

স্বত্বাধিকারী কর্তৃক নিয়োজিত ঠিকাদার প্রতিনিধি শুধু স্বত্বাধিকারীর দাপ্তরিক কাজে সহযোগীতা করতে পারবেন।

যোগ্যতা:

১.১ শ্রেণির জন্য শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ বা সমমানের হতে হবে ।

২৪.৩। ডমেষ্টিক ফিটার (১.১ এর জন্য):

কাজঃ

গৃহস্থালী/ বাণিজ্যিক গ্যাস সংযাগের লক্ষ্যে অনুমোদিত নকশা মোতাবেক জিআই পাইপলাইন নির্মাণ/স্থাপন কাজের জন্য জিআই পাইপ কাটিং/ থ্রেড কাটিং, সকেট/ ভাল্ব/ এলবো/ টি/ রেগুলেটর/ লক-উইং-কক/ চুলা ইত্যাদি ফিটিং/ ফিক্সিং, পার্জিং/ টেস্টিংসহ আনুষঙ্গিক কার্যাদি স্বহস্তে সম্পাদন করতে হবে এবং কার্য সমাপনী (সিআর) রিপোর্টে ফিটার সনদ নম্বরসহ স্বাক্ষর করতে হবে।

যোগ্যতা:

ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৮ম (অষ্টম) শ্রেণি পাশ এবং পশ্চিমাঞ্চল গ্যাসের ফিটার টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ সনদধারীগণ।

২৪.৪। সি-গ্রেড ফিটার (১.২ এর জন্য):

কাজঃ

শিল্প/ চা-বাগান/ ক্যাপটিভ পাওয়ার ইত্যাদি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ এমএস স্বল্পচাপ পাইপলাইন স্থাপন। নির্মাণ/কানভারশন সরঞ্জামাদির ফিটিং/ ফিক্সিং ইত্যাদি কাজ অনুমোদিত নকশা মোতাবেক নির্মাণ/ স্থাপন করতে হবে এবং নির্মাণের লক্ষ্যে এমএস পাইপ কাটিং/ গ্রাইন্ডিং/ বিভেলিং ক্ল্যাম্পিং, সকেট/ ভাল্ব/ মিটার/ রেগুলেটর/ সার্ভিস টি/লক-উইং-কক/ ফিটিং/ ফিক্সিং/ পার্জিং/ টেস্টিংসহ আনুষঙ্গিক কার্যাদি করতে হবে এবং কার্য সমাপনী (সিআর) রিপোর্টে সনদ নম্বরসহ স্বাক্ষর করতে হবে।

যোগ্যতা:

ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৮ম (অষ্টম) শ্রেনী পাশ এবং পশ্চিমাঞ্চল গ্যাসের ফিটার টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ সনদধারীগণ।

বিঃ দ্রঃ একই ব্যক্তি ডমেষ্টিক ফিটার ও সি/ডি- গ্রেড ফিটার উভয় সনদের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং পরীক্ষায় উত্তীর্ণ হলে সনদপ্রাপ্ত হবেন। একই প্রতিষ্ঠানে কাজের সুযোগ না থাকলে দুই প্রতিষ্ঠানে কোম্পানির পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে কাজ করতে পারবেন।

২৪.৫। ওয়েল্ডার:

কাজ:

অভ্যন্তরীণ স্বল্পচাপ এমএস পাইপ বা সরঞ্জামাদির নির্ধারিত কোড বা বিনির্দেশ মোতাবেক ওয়েল্ডিং কাজ সম্পাদন করতে হবে এবং কার্য সমাপনী (সিআর) রিপোর্টে সনদ নম্বরসহ স্বাক্ষর করতে হবে।

যোগ্যতা:

.................

আবেদনকারীর স্বাক্ষর

পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানির ইস্যুকৃত সনদধারী সি-গ্রেড ফিটার বা আন্তর্জাতিক মানের কোন প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত সংশ্লিষ্ট সনদধারী থাকতে হবে।

| ক্রমিক নং | গ্রেড | ওয়েল্ডিং এর বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | এ | হাই-প্রেসার ও লো-প্রেসার লাইন সকল ব্যাসের পাইপ | |
| ০২ | বি | হাই-প্রেসার ও লো-প্রেসার লাইন ২০" ব্যাসের পাইপ পর্যন্ত | |
| ০৩ | সি | লো-প্রেসার লাইন ৮" ব্যাসের পাইপ বা ৬০ পিএসআইজি পর্যন্ত | |
| ০৪ | ডি | | |

২৪.৬। ১.১ শ্রেনীর ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী পশ্চিমাঞ্চল গ্যাসের অধিকারভুক্ত যে কোন রিজিওনাল অফিসে কাজে নিয়োজিত হতে পারবেন। ঠিকাদারী প্রতিষ্ঠানে সর্বোচ্চ ০৩ (তিন) জন ঠিকাদার প্রতিনিধি নিয়োজিত করা যাবে এবং প্রয়োজনীয় সংখ্যক ফিটার নিয়োজিত করা যাবে।

২৫। **জনবল নবায়ন কার্যক্রম:**

২৫.১। ডমেস্টিক ফিটারঃ

পশ্চিমাঞ্চল গ্যাসের গৃহস্থালী/ বাণিজ্যিক শ্রেণির অভ্যন্তরীণ জিআই পাইপলাইন নির্মাণ/ স্থাপন সংক্রান্ত কাজের ফিটিং/ ফিক্সিং ইত্যাদির জন্য কোম্পানি কর্তৃক নির্ধারিত যোগ্যতা সম্পন্ন সনদধারী ব্যক্তিকে বুঝাবে। এ সনদ মাত্র তিন বছরের জন্য বহাল থাকবে। অনুচ্ছেদ ২২.১ এবং ২২.২ অনুযায়ী নবায়ন করতে হবে।

২৫.২। ফিটার :

পশ্চিমাঞ্চল গ্যাস বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানি বা আন্তর্জাতিক কোন প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত সংশ্লিষ্ট সনদধারীদের বুঝাবে। পশ্চিমাঞ্চল গ্যাসের সনদ ইস্যু হলে সেক্ষেত্রে পশ্চিমাঞ্চল গ্যাসের সনদধারীরাই বিবেচিত হবে। তবে অন্য প্রতিষ্ঠানের সনদধারীরা আবেদন ও যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে পশ্চিমাঞ্চল গ্যাসের সমতুল্য সনদ সংগ্রহ করতে পারবেন।

২৫.৩। **ওয়েল্ডার:**

পশ্চিমাঞ্চল গ্যাস বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানি বা আন্তর্জাতিক মানের কোন প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত সংশ্লিষ্ট সনদধারীদের বুঝাবে। পশ্চিমাঞ্চল গ্যাসের সনদ ইস্যু হলে সেক্ষেত্রে পশ্চিমাঞ্চল গ্যাসের সনদধারীরাই বিবেচিত হবে। তবে অনয প্রতিষ্ঠানের সনদধারীরা আবেদন ও যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে পশ্চিমাঞ্চল গ্যাসের সমতুল্য সনদ সংগ্রহ করতে পারবেন।

২৬। **ঠিকাদারের প্যাড/নকশা/চুক্তিপত্র/কাজের বিল/কার্য সমাপনী (সিআর) ফরম ইত্যাদি:**

২৬.১। **ঠিকাদারের প্যাড:**

প্রতিটি ঠিকাদারের নিজস্ব লেটার হেড প্যাড/ নকশা প্যাড থাকতে হবে। কোম্পানি কর্তৃক নির্দিষ্ট বিনির্দেশ সম্বলিত এই প্যাড ছাপাতে হবে। প্যাডের উপরিভাগে ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম রঙিন লিখা/ ছাপা যেমনঃ লাল/ সবুজ/ হলুদ/ নীল ইত্যাদি যে কোন এক রঙের এবং প্রতিষ্ঠানের ঠিকানাও তদ্রুপভাবে রঙিন থাকতে হবে। প্যাডের কোন ফটোকপি দাপ্তরিক যোগাযোগ বা গ্যাস সংযোগের কাজে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে কমপক্ষে ০৪(চার)টি রঙ এর সমন্বয়ে নিজস্ব লেটার হেড প্যাড তৈরী করতে হবে।

২৬.২। **নকশা:**

সংশ্লিষ্ট আবিকা কর্তৃক নির্ধারিত চাহিদা সম্বলিত তথ্যাদি থাকতে হবে। যে বাসায় গ্যাস সংযোগ হবে তার চতুর্দিকের পরিচিতি অবশ্যই নকশায় প্রদর্শিত হতে হবে। নকশায় নিকটবর্তী প্রধান রাস্তায় স্থাপিত লাইন হতে প্রস্তাবিত গ্যাস সংযোগের অবস্থান, প্রস্তাবিত রাইজারের পরিমাণ/ অবস্থান, বার্নারের সংখ্যা, জিআই পাইপের ব্যাস ভিত্তিক পরিমাণ, বিভিন্ন ফিটিংস, বাসার এলিভিশনসহ রান্না ঘরের অবস্থান ইত্যাদি আবিকার নির্দেশ মোতাবেক দেখাতে হবে। নকশায় ঠিকাদারের, গ্রাহকের ও অফিস প্রতিনিধির স্বাক্ষরের জন্য ব্যবস্থা থাকতে হবে। নকশা ০৪ (চার) কপি হবে। কোম্পানি কর্তৃক জরীপ করার পর নকশা সংশোধনের প্রয়োজন হলে তা যথাযথ নতুনভাবে জমা দিতে হবে। নকশায় নির্ধারিত জায়গায় প্রযোজ্য মোতাবেক ঠিকাদারের সিলমোহর (নামসহ) স্বাক্ষর থাকতে হবে।

২৬.৩। **চুক্তিপত্রঃ**

গ্রাহক ও ঠিকাদারের মধ্যে গ্যাস সংযোগের কাজে নিয়োজিত হওয়ার জন্য নির্ধারিত ফরমে সম্মতির স্বাক্ষর থাকতে হবে। এবং তা অফিসে জমা দিতে হবে।

২৬.৪। **কাজের বিল:**

ঠিকাদার কর্তৃক গ্রাহকের গ্যাস সংযোগের ঠিকাদারী কাজের যাবতীয় ব্যয় (মালামাল/ স্থাপন ইত্যাদি) নিযুক্তিকালে সমঝোতার মাধ্যমে নির্ধারণ করতে হবে। ঠিকাদারকে তার সম্পাদিত কাজের ন্যূনতম ০১ (এক) বছরের গ্যারান্টি দিতে হবে। উক্ত সময়ের মধ্যে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে এবং ঠিকাদারের গোচরীভূত করা হলে ঠিকাদার নিজ খরচে তা ত্রুটিমুক্ত করে দিতে বাধ্য থাকবে।

২৬.৫। **কার্য সমাপনী (সি আর) ফরমঃ**

গ্রাহকের অভ্যন্তরীণ কাজের জিআই পাইপলাইন/এমএস স্বল্পচাপ পাইপলাইন নির্মাণের/ স্থাপনের কাজ সমাপ্তির প্রতিবেদন নির্ধারিত ফরমে/ছকে স্বহস্তে কাজ সম্পাদনকারী ফিটারের স্বাক্ষর, স্বত্বাধিকারীর সিলমোহরসহ স্বাক্ষর, গ্রাহকের স্বাক্ষর ও কোম্পানির পক্ষে কাজ তদারককারী সংশ্লিষ্ট কর্মচারী/কর্মকর্তার স্বাক্ষরসমেত পরবর্তী ব্যবস্থার জন্য নির্ধারিত সময়সীমার
মধ্যে পেশ করতে হবে।

.....................
আবেদনকারীর স্বাক্ষর

২৬.৬। **ঠিকাদারের/প্রতিনিধির স্বাক্ষর:**

গ্যাস সংযোগ সংক্রান্ত সকল কাগজাদিতে স্বত্বাধিকারী ও ফিটারকে (প্রযোজ্যতা অনুযায়ী) অবশ্যই স্বাক্ষর করতে হবে। অন্যথায় কোন কাগজাদি গ্রহণযোগ্য হবে না। সীলমোহরে নাম/পদবী/প্রতিষ্ঠানের নাম অবশ্যই থাকতে হবে। ফিটার/ওয়েল্ডারদের ক্ষেত্রে সনদ নং লিখতে হবে।

২৬.৭। **গ্রাহকের বিল বই, কার্ড, চুক্তিপত্র ইত্যাদি কাগজপত্র হস্তান্তর:**

চূড়ান্ত গ্যাস সংযোগ হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে গ্রাহকদের বিল বই, সংযোগ/মিটার কার্ড, চুক্তিপত্র, নকশা, সিআর, চাহিদাপত্রের জমাদানের কপি ইত্যাদি কাগজপত্র গ্রাহককে সমঝাইয়া/ হস্তান্তর করতে হবে। এই সকল কাগজ পত্রাদি সংশ্লিষ্ট রিজিওনাল অফিসে গ্যাস সংযোগ সংক্রান্ত রেজিস্ট্রারে গ্রাহক বা ঠিকাদার/সুপারভাইজার/ ফিটার স্বাক্ষর করে গ্রহণ করবেন।

২৬.৮। **ঠিকাদারের কার্যকাল:**

কোন গ্রাহকের গ্যাস সংযোগের কার্যাদি সম্পাদনের জন্য সমঝোতার মাধ্যমে চুক্তিবদ্ধ হওয়ার শুরু হতে চূড়ান্ত না হওয়া পর্যন্ত বুঝাবে। কোন গ্রাহকের গ্যাস সংযোগ প্রক্রিয়ারত অবস্থায় গ্রাহকের সাথে চুক্তি বাতিল (গ্রাহকের পক্ষে বা ঠিকাদারের পক্ষে) হলে ঠিকাদারকে সংশ্লিষ্ট রিজিওনাল অফিসে লিখিতভাবে জানাতে হবে। অন্যথায় কোন ধরণের অনিয়ম/ বিধি বহির্ভূত সংযোগের দায়-দায়িত্ব ঠিকাদারকে বহন করতে হবে। পশ্চিমাঞ্চল গ্যাস কর্তৃক প্রতিটি প্রক্রিয়ার জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পাদন করতে হবে। কোন গ্রাহক ঠিকাদার নিয়োগ/নিয়োজিত করার পর উক্ত ঠিকাদারের ব্যবহার/কার্যকলাপে অসন্তোষ প্রকাশ করলে সংশ্লিষ্ট রিজিওনাল অফিসে লিখিতভাবে আবেদনের মাধ্যমে গ্রাহক তার নিয়োগকৃত ঠিকাদারকে পরিবর্তন করে অন্য ঠিকাদার নিয়োগ করতে পারবেন। তবে উল্লেখ থাকে যে, পূর্বের ঠিকাদারে সহিত সম্পাদিত চুক্তি অনুযায়ী কাজের পরিমাণের আলোকে পারিশ্রমিক পরিশোধ পূর্বক নতুন ঠিকাদার নিয়োগ করতে করবেন।

২৭। **ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম পরিবর্তন:**

২৭.১। তালিকাভুক্তির সময়ে ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম যেভাবে থাকবে পরবর্তীতে হুবহু সে রকমভাবে প্যাডে/ সীলমোহরে থাকতে হবে/ ব্যবহার করতে হবে। কোম্পানির পূর্বানুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করা যাবে না।

২৭.২। কোন প্রতিষ্ঠান নাম পরিবর্তন করতে চাইলে স্বত্বাধিকারী, ঠিকানা, জনশক্তি, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ইত্যাদি সম্পূর্ণরূপে অপরিবর্তিত রেখে কোম্পানির নিকট আবেদন করতে পারবেন। কোম্পানির নিকট আবেদন করার পর প্রাথমিকভাবে যাচাই বাছাই করে কোম্পানির অনুমতি সাপেক্ষে প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক এফিডেভিট করে হবে। পরবর্তীতে এফিডেভিট ও নাম পরিবর্তনের ফি বাবদ ২,৫০০/- (দুইহাজার পাঁচশত) টাকা মাত্র পিজিসিএল-এর অনুকূলে জমা প্রদানের রসিদসহ কোম্পানির সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে জমাদান করতে হবে। কোম্পানি যাচাই/বাছাই করে নাম পরিবর্তনের চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।

২৭.৩। একই স্বত্বাধিকারীর নামে একাধিক শ্রেণিতে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের একই নাম ব্যবহার করতে হবে।

২৮। **দরপত্রের জামানত:**

২৮.১। **দরপত্র জামানত/ আর্নেস্ট মানি/বায়নার টাকা:**

কোন সরকারী/ বেসরকারী/ ব্যক্তি মালিকানাধীন আবাসিক/ কলোনী/ প্রতিষ্ঠান, শিল্প/ চা-বাগানের / ক্যাপটিভ পাওয়ারের অভ্যন্তরীণ গ্যাস পাইপলাইন স্থাপনের জন্য নির্দিষ্ট প্রকল্প/ কার্য সম্পাদনের অভিপ্রায়ে ঠিকাদারকে দরপত্র দাখিলের সময়ে দরপত্রের অংশ হিসেবে তার সাথে কোম্পানির/ প্রতিষ্ঠানের অনুকূলে বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে কেবলমাত্র ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে দরপত্র দলিলের সংশ্লিষ্ট ধারায় উল্লেখিত পরিমাণের অর্থ দরপত্র জামানত/ আর্নেস্ট মানি হিসেবে দাখিল করতে হবে। সফলকাম ঠিকাদারের আর্নেস্টমানি কার্যাদেশ ইস্যুর পর এবং অকৃতকার্য ঠিকাদারের আর্নেস্টমানি সফলকাম ঠিকাদার কর্তৃক নিরাপত্তা জামানত দাখিল করবার পর ফেরত প্রদান করা হবে। তবে কোন অবস্থায় আর্নেস্ট মানির জন্য কোম্পানি ঠিকাদারকে সুদ প্রদান করবে না।

২৮.১.২। নিম্ন লিখিত কারণে কোম্পানি ঠিকাদারের আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করতে পারবে এবং উক্ত ঠিকাদারের দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবেঃ

- ক। দরপত্র কার্যকর থাকাকালীন সময়ে যে কোন কারণে কোন ঠিকাদার-
  - ক.১। দরপত্রে উদ্বৃত্ত দর পরিবর্তন করতে চাইলে, অথবা
  - ক.২। কার্যনির্বাহে অনিচ্ছা প্রকাশ করলে, অথবা
  - ক.৩। দরপত্র প্রত্যাহার করলে।
- খ। যে কোন কারণে সফলকাম ঠিকাদার
  - খ.১। কার্য অভিপ্রায় পত্র গ্রহণে ব্যর্থ হলে, অথবা
  - খ.২। কার্যনির্বাহে অনিচ্ছা প্রকাশ করলে, অথবা
  - খ.৩। কার্যাভিপ্রায়পত্র কার্যকর থাকাকালীন নিরাপত্তা জামানত অথবা শ্রমিক ক্ষতিপূরণ বীমা পলিসি দাখিল করতে ব্যর্থ হলে, অথবা
  - খ.৪। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হলে।
- গ। দরপত্র দলিলের সংশ্লিষ্ট ধারায় বর্ণিত অন্য যে কোন কারণে (যদি থাকে) ।

....................
আবেদনকারীর স্বাক্ষর

**২৮.২। নিরাপত্তা জামানতঃ**

২৮.২.১। চুক্তি অনুযায়ী সম্পূর্ণ সন্তোষজনক কার্য সম্পাদনের গ্যারান্টি স্বরূপ ঠিকাদারকে কার্যাভিপ্রায় পত্রে উল্লেখিত সময়কালের মধ্যে নিরাপত্তা জামানত কোম্পানির বরাবরে দাখিল করতে হবে। যার পরিমাণ কোনক্রমেই কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর কমে হবে না। কোম্পানির/ গ্রাহকের বিবেচনানুযায়ী এই জামানতের পরিমাণ বৃদ্ধি করা যাবে, যা দরপত্র দলিলের বিশেষ শর্তাবলীতে উল্লেখ থাকবে।

২৮.২.২। কার্যাভিপ্রায় প্রাপ্ত ঠিকাদারকে বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে তালিকাভুক্তি তফসিল /দরপত্র দলিলের সহিত ফরম অনুয়ায়ী কোম্পানির অনুকূলে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার আকারে অথবা নগদ টাকায় উক্ত নিরাপত্তা জামানত জমা প্রদান করতে হবে। তবে কোন অবস্থায় এই জামানতের উপর কোম্পানি ঠিকাদারকে কোন সুদ প্রদান করবে না।

২৮.২.৩। নিম্নলিখিত কারণে এবং দরপত্রের দলিলের সংশ্লিষ্ট ধারায় উল্লেখিত অন্য কোন কারণে এই নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করে কোম্পানির/ গ্রাহকের অনুকূলে গ্রহণ করা হবে।

**কোন নির্দিষ্ট প্রকল্প/ কাজের ক্ষেত্রে:**

২৮.২.৩.১। কার্যাভিপ্রায়পত্র প্রাপ্ত ঠিকাদার কার্যাভিপ্রায়পত্রে সম্মতি প্রদান এবং নিরাপত্তা জামানত প্রদানের পর কোম্পানি প্রদত্ত সময়ের মধ্যে চুক্তি সম্পাদন অথবা কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হলে অথবা

২৮.২.৩.২। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ গ্রহণের পর ঠিকানার কার্য নির্বাহে অনিচ্ছা প্রকাশ করলে অথবা

২৮.২.৩.৩। চুক্তি স্বাক্ষর/ কার্যাদেশ গ্রহণপূর্বক নিজ কারণে চুক্তি মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সন্তোষজনকভাবে আংশিক/সম্পূর্ণ কার্য সম্পাদনে ঠিকাদার ব্যর্থ হলে অথবা

২৮.২.৩.৪। চুক্তি মোতাবেক কার্য সম্পাদনের পর নির্ধারিত সময়সীমার মধ্যে উদ্বৃত্ত মালামাল ফেরৎ প্রদানে ঠিকাদার ব্যর্থ হলে।

২৮২.৪। ঠিকাদার কর্তৃক সাফল্যজনক ভাবে প্রকল্পের সমুদয় কার্য সম্পাদনের পার মালামাল ফেরৎ প্রদান ও চূড়ান্ত বিল দাখিলের পর প্রকল্পের প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সদন (পি এ সি) ইস্যুর ৩০ দিনের মধ্যে কোম্পানি ঠিকাদারের আবেদন প্রাপ্তি সাপেক্ষে উক্ত নিরাপত্তা জামানত ফেরৎ প্রদান করবে। তবে কোম্পানির জোন বিলম্বিত সিদ্ধান্তের করেণে চূড়ান্তবিল দাখিল করতে বিলম্ব হলে উদ্বৃত্ত মালামাল ফেরৎ প্রদানের পরে উক্ত নিরাপত্তা জামানত ঠিকাদারকে ফেরৎ দেয়া যেতে পারে।

**২৯। <u>ঠিকাদার প্রতিনিধিঃ</u>**

২৯.১। ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সুনির্দিষ্ট বিপণন বিভাগ ভিত্তিক এবং পূর্ব নির্ধারিত প্রতিনিধি ও ফিটার ব্যতীত অন্য কোন জনবল নিয়োজিত করা যাবে না।

২৯.২। ১.২ শ্রেণির জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের কোন বিশেষ কাজ থাকলে কোম্পানির নিকট আবেদন করলে (স্বত্বাধিকারী ব্যতীত) বিশেষ প্রতিনিধি নিয়োজিত করার বিষয়টি বাস্তব অবস্থার প্রেক্ষিতে বিবেচনা করা যেতে পারে। এই প্রতিনিধির শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ এবং গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে এসএসসি (ভোকেশনাল) বা তদূর্ধ্ব কারিগরি শিক্ষায় শিক্ষিতদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

**৩০। <u>সনদপত্র ইস্যুকরণ:</u>**

তালিকাভুক্তি/নবায়নের জন্য চূড়ান্তভাবে মনোনীত ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোকে কোম্পানি কর্তৃক সনদপত্র ইস্যু করা হবে। বিশেষ প্রয়োজনে ঠিকাদারের আবেদনক্রমে এবং হিসাব বিভাগে প্রতি সার্টিফিকেটের জন্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র কোম্পানির প্রধান কার্যালয়ের জমা প্রদানের রশিদসহ পরিকল্পনা ডিপার্টমেন্টে আবেদন করতে হবে।

.....................

আবেদনকারীর স্বাক্ষর

পরিচ্ছেদ-৪

শ্রেণি: ১.১ ও ১.২

আবাসিক, বাণিজ্যিক ও শিল্প গ্রাহকদের আভ্যন্তরীণ/হাউজ লাইন নির্মাণ/স্থাপন
(কনভারশন ওয়ার্ক সহ)

দরপত্র দলিল, তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলী
এবং কাজের সর্বশেষ বিবরণী:

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
নলকা, সিরাজগঞ্জ।

.....................
আবেদনকারীর স্বাক্ষর

## ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের তালিকাভুক্তি/নবায়নের সাধারণ শর্তাবলী:

১। **সংজ্ঞা:**

১.১। **কোম্পানি:** কোম্পানি বলতে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড-কে বুঝাবে।

১.২। **"আবেদন"** বলতে গ্যাস সংযোগ সংক্রান্ত আবেদন বুঝাবে।

**"জামানত"** বলতে গ্যাস সংযোগের জন্য নিরাপত্তা জামানত প্রদান বুঝাবে।

**"কমিশনিং"** বলতে গ্যাস সংযোগ প্রদানপূর্বক গ্যাস সরবরাহ চালু করা বুঝাবে।

**"এমআইডি"** বলতে গ্যাস কোম্পানির ভান্ডার হতে মালামাল প্রদান বুঝাবে।

**"রাস্তা কাটার অনুমতি"** বলতে রাস্তা কাটার অনুমতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমন: BSCIC, BEPZA, পৌরসভা, সওজ, সিটি কর্পোরেশন, এলজিইডি, ইউনিয়ন পরিষদ এর নিকট হতে রাস্তা খনন করে গ্যাস লাইন নেওয়ার অনুমতি বুঝাবে।

**"আঙ্গিনা"** বলতে গ্রাহকের যে জায়গায় গ্যাস সরবরাহ করা হবে তাকে বুঝাবে।

**"সার্ভিস লাইন"** বলতে যে ফিডার পাইপলাইন অথবা মূল গ্যাস সরবরাহ লাইনের সঙ্গে রেগুলেটিং ও মিটারিং স্টেশনের সংযোগ স্থাপনের জন্য ব্যবহার করা হবে তাকে বুঝাবে।

**"অভ্যন্তরীণ লাইন"** বলতে যে পাইপ লাইন গ্রাহকের গ্যাস সরঞ্জামের সঙ্গে রেগুলেটিং ও মিটারিং স্টেশনের সংযোগ স্থাপনের জন্য ব্যবহার করা হবে তাকে বুঝাবে।

**"ভালভ"** বলতে গ্রাহকের আঙ্গিনায় সার্ভিস লাইনে স্থাপিত গ্যাস নিয়ন্ত্রণমূলক ভালভ বুঝাবে।

**"এজ বিল্ট ড্রইং"** বলতে গ্রাহকের আঙ্গিনায় গ্যাস সংযোগের জন্য স্থাপিত সার্ভিস লাইন, অভ্যন্তরীন লাইন এবং গ্যাস স্থাপনার ড্রইং বুঝাবে।

**"রেগুলেটিং ও মিটারিং স্টেশন (আরএমএস)"** বলতে গ্যাসের চাপ নিয়ন্ত্রণ ও ব্যবহৃত গ্যাসের পরিমাণ নির্ণয়ের জন্য মিটার, রেগুলেটর, ভালভ, নির্গমন পথ ও অন্যান্য যন্ত্রপাতি সম্মিলিতভাবে বুঝাবে।

**"ডেলিভারি পয়েন্ট"** বলতে যে পয়েন্ট হতে গ্যাসের স্বত্ব এবং ঝুঁকি গ্রাহকের উপর বর্তাবে অর্থাৎ আরএমএস এর নির্গমনদ্বারকে বুঝাবে।

**"সংযোজিত ঘন্টাপ্রতি লোড"** বলতে স্থাপিত প্রত্যেক গ্যাস স্থাপনা/বার্নার এ ঘন্টাপ্রতি সর্বোচ্চ গ্যাস চাহিদা (ক্ষমতা) এর সমষ্টি বুঝাবে।

**"বহির্গমন চাপ"** বলতে আরএমএস-এ স্থাপিত রেগুলেটরের বহির্গমন চাপ বুঝাবে।

**"সাময়িক বিচ্ছিন্ন"** বলতে সম্পূর্ণ আরএমএস / রাইজার অপসারণের মাধ্যমে সংযোগ বিচ্ছিন্ন বুঝাবে।

**"স্থায়ী বিচ্ছিন্ন"** বলতে সার্ভিস লাইন কিলিং পূর্বক তা অপসারণসহ সম্পূর্ণ আর এম এস অপসারণের মাধ্যমে সংযোগ বিচ্ছিন্ন বুঝাবে।

**"গ্যাস বিপণন নিয়মাবলী"** বলতে পেট্রোবাংলা এবং পেট্রোবাংলা বোর্ড কর্তৃক অনুমোদিত ও বিপণন কোম্পানির বোর্ড কর্তৃক গৃহীত সকল শ্রেণির গ্রাহকদের জন্য গ্যাস বিপণন সংক্রান্ত নিয়মাবলীকে বুঝাবে।

১.৩। **প্রকৌশলীঃ** প্রকৌশলী বলতে কোম্পানির বিপণন বা অন্য কোন প্রকৌশলী/কারিগরি বিভাগের ব্যবস্থাপক অথবা চুক্তিভুক্ত কাজ সম্পাদনের জন্য কোম্পানি কর্তৃক সময়ে সময়ে নিযুক্ত অন্য কোন প্রকৌশলীকে বুঝাবে।

১.৩.১। **প্রকৌশলীর প্রতিনিধি:** প্রকৌশলীর প্রতিনিধি বলতে কোম্পানি অথবা প্রকৌশলী অথবা কোম্পানির প্রতিনিধিত্বকারী প্রকৌশলী কর্তৃক সময়ে সময়ে নিযুক্ত কোন প্রকল্প প্রকৌশলী/সাইট ইঞ্জিনিয়ার বা সহকারী প্রকৌশলী বা কার্য তত্ত্বাবধায়ক (সুপারভাইজার)-কে বুঝাবে।

.................
আবেদনকারীর স্বাক্ষর

১.৪। **ঠিকাদার: "ঠিকাদার"** বলতে গ্যাস কোম্পানির তালিকাভুক্ত বিভিন্ন শ্রেণির ঠিকাদারকে বুঝাবে।

১.৪.১। **ঠিকাদারের প্রতিনিধি:** ঠিকাদারের প্রতিনিধি বলতে ঠিকাদার কর্তৃক নিযুক্ত প্রকৌশলী, কার্য তত্ত্বাবধায়ক (সুপারভাইজার) বা অন্য কোন ব্যক্তিকে বুঝাবে যাকে ঠিকাদার অনুরূপভাবে কোম্পানির নিকট লিখিতভাবে অবহিত করবেন।

১.৫। **চুক্তিপত্র:** হাউজ লাইন ও গ্যাস সরঞ্জামাদি স্থাপনের বিষয়ে গ্রাহক ও ঠিকাদারের মধ্যে সম্পাদিত লিখিত দলিল।

১.৫.১। **চুক্তিমূল্য**: গ্রাহক ও ঠিকাদার কর্তৃক সম্মত দরে সম্পূর্ণ অথবা সংযোজন বিয়োজনকৃত কাজ সমাপনের জন্য নির্ণয়কৃত টাকার অংক।

১.৫.২। **নকশা:** হাউজ লাইন নির্মাণ/স্থাপনের জন্য গ্রাহক কর্তৃক প্রস্তাবিত ও ঠিকাদার কর্তৃক প্রস্তুতকৃত/দাখিলকৃত গ্যাস লাইনের অবস্থান সম্বলিত নকশা।

১.৫.৩। **নকশার সর্বশেষ বিবরণঃ** ঠিকাদারী প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে ৪ (চার) কপি নকশা যাতে সঠিক স্কেলে গ্যাস ব্যবহারের পয়েন্ট, রাইজার সহ হাউজ ও সার্ভিস লাইনের ব্যাস ও দৈর্ঘ্য সহ প্লান ও এলিভেশন, সার্ভিসটি এবং নিকটবর্তী বিতরণ লাইনের ব্যাস সহ অবস্থান দেখানো থাকবে (কমপক্ষে ৮.৫" X ১১" সাইজের ১/৪" বর্গাকার সীটে হবে।

১.৬। **কাজ:** হাউজ লাইনের স্পেসিফিকেশন অনুযায়ী ঠিকাদার কর্তৃক সম্পাদিতব্য কাজ।

১.৬.১। **ওয়ার্ক সিডিউল**: কোন কাজ শুরুর এবং সমাপনীর তারিখ ও সময় এবং নির্মাণ/ স্থাপিতব্য হাউজ লাইনের পরীক্ষার প্রোগ্রাম। কাজের জনবলের তালিকা সহ এই সিডিউল অন্তত এক দিন পূর্বে দাখিল যোগ্য।

১.৬.২। **নকশাতে নিম্মোক্ত বিষয়গুলি সন্নিবেশিত থাকতে হবে:**

ক) সাধারণত আর, এম, এস স্থান-এর অফটেক পয়েন্টে স্থাপিত বিতরণ লাইনের নিকটবর্তী হতে হবে এবং আর, এম, এস গ্রাহক আঙ্গিনার ভিতরে ৩ (তিন) ফুটের বেশী হবে না (আর, এম, এস গ্রাহকের গেটের পার্শ্বে হওয়া বাঞ্ছনীয়।

খ) নাক্সায় গ্রাহকের সম্মতি স্বাক্ষর থাকতে হবে।

গ) প্রয়োজনবোধে প্রকৌশলী হাউজ লাইনের পথ পরিবর্তন করতে পারবেন।

ঘ) রূপান্তর যন্ত্রপাতি/মালামাল ব্যবহার করতে হবে।

ঙ) প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধি পালনের নিশ্চয়তা বিধান অবশ্যই করতে হবে।

১.৭। **গ্রাহকঃ "গ্রাহক"** বলতে গ্যাস ব্যবহারকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠানকে বুঝাবে। কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ যার/যাদের আঙ্গিনায়, আবাসিক, শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে কোন নির্দিষ্ট কাজের জন্য গ্যাস সরবরাহ করতে কোম্পানি সম্মতি জ্ঞাপন করেছে।

১.৭.১। **গৃহস্থালী/ আবাসিক গ্রাহক:** গৃহস্থালী গ্রাহক বলতে বাসভবন হিসেবে ব্যবহৃত বাড়ি/ ইমারত, প্রতিরক্ষা বিভাগের আবাসিক ভবন, বিডিআর, আনছার, ভিডিপি, পুলিশ, জেলখানার আবাসিক কোয়ার্টারসমূহ, বিভিন্ন ডিপার্টমেন্ট, দপ্তর, এজেন্সীর আবাসিক কোয়ার্টারসমূহ এবং অব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত/ ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্রাবাস, ল্যাবরেটরিজ, ক্যান্টিন, এতিমখানা, হাসপাতাল, সার্কিট হাউস, গেস্ট হাউস, ইন্সপেকশন বাংলো, ডাক বাংলো, জেলখানার ক্যান্টিন, কয়েদিদের রান্নাঘর, বিডিআর, পুলিশ ও আনছার ক্যান্টিন ও মেস, সরকারি শিশুসদন, আশ্রম, তবলিগ ট্রাস্ট, দাতব্য প্রতিষ্ঠান, মাজার, শিল্প প্রতিষ্ঠান সংলগ্ন ক্যান্টিন ও শ্রমিকদের মেস/ রান্নাঘর, ব্যক্তি মালিকানাধীন মেস, বিভিন্ন অফিসের ক্যান্টিনসমূহ, প্রতিরক্ষা বিভাগের সকল প্রকার মেস ও ক্যান্টিন ইত্যাদি।

১.৭.২। বাণিজ্যিক গ্রাহক: বাণিজ্যিক গ্রাহক বলতে ব্যাবসায়িক উদ্দেশ্যে পরিচালিত হোটেল ও আবাসিক হোটেল, মিষ্টি প্রস্তুতকারী দোকান/ প্রতিষ্ঠান, রেস্তোরাঁ, চায়নিজ রেস্তোরাঁ, ক্যান্টিন ও টি-স্টল, চিড়া/ মুড়ি প্রস্তুতকারী প্রতিষ্ঠান (হস্তচালিত), প্রাইভেট ক্লিনিক/ল্যাবরেটরী/ হাসপাতাল, কমিউনিটি সেন্টার, স্ন্যাকস/ কাবাব ঘর, বেকারি/ কনফেকশনারি। লজেন্স/ চানাচুর/ সেমাই/ বিস্কুট প্রস্তুতকারী প্রতিষ্ঠান (হস্তচালিত), সাবান/ পটারী/ সিরামিক/ রং/ ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান (হস্ত চালিত), ডিস্টিল্ড ওয়াটার/ডাইং ও প্রিন্টিং/ লন্ড্রি/ ট্যানারি/ চুড়ি প্রস্তুতকারী প্রতিষ্ঠান (হস্ত চালিত), বরফ/ আইসক্রিম প্রস্তুতকারী প্রতিষ্ঠান (অযান্ত্রিক উপায়ে চালিত) ইত্যাদি।

১.৭.৩। শিল্প শ্রেণি গ্রাহক: শিল্প শ্রেণি গ্রাহক বলতে বিসিক শিল্প নগরীতে অবস্থিত যান্ত্রিক উপায়ে পরিচালিত ক্ষুদ্র ও কুটির শিল্প শ্রেণির আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ, শিল্প পরিদপ্তর, বিসিক, বিনিয়োগ বোর্ড, শিল্প ব্যাংক, শিল্প ঋণ সংস্থা, বিডিবিএল অন্যান্য অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানের সহায়তায় এবং ব্যক্তিগত উদ্যোগে স্থাপিত যান্ত্রিক উপায়ে চালিত প্রতিষ্ঠানসমূহ, বৃহৎ কারখানা/ প্রতিষ্ঠানসমূহ, উন্নতমানের হোটেলসমূহ (বয়লার, জেনারেটর ইত্যাদি ব্যবহারকারী), যান্ত্রিক উপায়ে ইট, টাইলস, বৃহৎ আকৃতির শিল্প সিরামিক, রিফ্র্যাক্টরিজ, সেনিটারী দ্রব্যাদি, বৈদ্যুতিক দ্রব্যাদি ও

……………….
আবেদনকারীর স্বাক্ষর

অন্যান্য সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ, যান্ত্রিক উপায়ে চালিত বরফ/ আইসক্রিম/ সেমাই ইত্যাদি উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ।

১.৭.৪। **চা-বাগান শ্রেণি গ্রাহক**: চা-বাগান শ্রেণি গ্রাহক বলতে চা-পাতা বিশুদ্ধকরণ, প্রক্রিয়াকরণ ও আনুষঙ্গিক কাজে (বিদ্যুৎ উৎপাদনের জন্য জেনারেটর ব্যতীত) গ্যাস ব্যবহারকারী চা-বাগানসমূহ।

১.৭.৫। **ক্যাপটিভ পাওয়ার শ্রেণি গ্রাহক**: যে সব গ্রাহক (শ্রেণি নির্বিশেষে) নিজেদের ব্যবহারের প্রয়োজনে বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস জেনারেটরে গ্যাস ব্যবহার করবে।

১.৮। **গ্যাস সরঞ্জামাদি**: প্রাকৃতিক গ্যাস ব্যবহার বা প্রজ্বলনের জন্য ব্যবহৃত সরঞ্জামাদি/যন্ত্রপাতিসমূহ বিশেষ ক্ষেত্র ব্যতীত কোম্পানি কর্তৃক অবশ্যই অনুমোদিত হতে হবে।

১.৯। **ইন্টারপ্রিটেশন ব্যাখ্যা:**

১.৯.১। কাজ এক বা একাধিক উভয়রূপই বুঝাবে, সে ক্ষেত্রে যা প্রযোজ্য হবে।

১.৯.২। এ ক্ষেত্রে কোম্পানি নয় অথচ ব্যক্তিবর্গের অংশীদারিত্ব বা ব্যক্তিবর্গের সংস্থা হবে, সেই ক্ষেত্রে সকল অংশীদার বা সদস্য যৌথভাবে এবং ব্যক্তিগতভাবে চুক্তিপত্রের যে কোন ধারা পরিচালন/পরিপূরণে দায়বদ্ধ থাকবে। ঠিকাদার কোম্পানি আইনে নিবন্ধীকৃত হলে একইভাবে তার পরিচালক দায়বদ্ধ থাকবে।

১.১০। **কোম্পানি কর্তৃক প্রদত্ত সকল শর্তাবলীর ব্যাখ্যা:** সকল ঠিকাদার অথবা জড়িত ব্যক্তিবর্গ আইনত মেনে নিতে বাধ্য থাকবেন।

১.১১। তালিকাভুক্তি:

তালিকাভুক্তি বলতে নির্ধারিত শর্তাবলি/ নিয়মাবলি ও যোগ্যতাসম্পন্ন ঠিকাদারি প্রতিষ্ঠান (সমূহ) কে বুঝাবে যাদের কোম্পানিতে নির্ধারিত মেয়াদে গ্যাস সংযোগের কার্যাদিতে ঠিকাদারি করার পূর্বোক্ত সময়ে অন্তর্ভুক্তি রয়েছে এবং কোম্পানির তালিকাভুক্তির শর্তাবলি/ নিয়মাবলির আলোকে সময় সময় নবায়ন করা হয়েছে।

## ২। **কাজের পরিধি:**

বাংলাদেশ সরকার কর্তৃক প্রকাশিত সর্বশেষ গ্যাস বিপণন নিয়মাবলি (বর্তমান ও সংশোধিত আকারে) এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী সকল কার্যাদি সম্পাদন করতে হবে। গ্রাহকের সহিত সরাসরি যোগাযোগ করে হাউজ লাইন/গ্যাস সরঞ্জামাদি স্থাপন বা রূপান্তর কার্যক্রমের জন্য সার্ভিস প্রদানের ইচ্ছা ব্যক্ত করতে পারবেন। ইহা স্মর্তব্য যে, গ্রাহকের সহিত ঠিকাদারের ব্যবহার ও আচার-আচরণ তাদের মূল্যায়নের বিষয় কোম্পানির নিকট বিবেচ্য হবে। কোন কাজ সম্পাদন করা বলতে সব শ্রেণির গ্রাহকের যাবতীয় কার্যাদি স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন করা এবং প্রয়োজনীয় পরীক্ষাপূর্বক কমিশনিং যোগ্য করা বুঝাবে। শ্রেণি ১.২ এর ঠিকাদারগণকে গ্যাস সংযোগ কমিশনিং পর্যন্ত দায়-দায়িত্ব বহন করতে হবে এবং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত গ্যারান্টি দিতে হবে (ন্যূনতম এক বছর)।

২.১। **কোন কাজ সমাপনের ক্ষেত্রে নিম্মোক্ত বিষয়গুলির নিশ্চয়তা দিতে হবে:**

ক) সব সময় গ্রাহকের জন্য সবচেয়ে কম অসুবিধা সৃষ্টি করা।

খ) গ্রাহকের বাড়ি এবং গ্যারেজ বা শিল্প কারখানার অন্যান্য অংশে অতি সহজে ও বাধাবিপত্তি হীন ভাবে প্রবেশের সুবিধা করা।

গ) ভূগর্ভস্থ বিভিন্ন সার্ভিস লাইন সমূহের (যেমন: বিদ্যুৎ, টেলিফোন, পানি বা পয়োনিষ্কাশন ইত্যাদি লাইন) কোন ক্ষতি সাধন না করা।

ঘ) গর্ত সমূহ ভরাট ও সঠিকভাবে ট্যাম্পিং করা।

ঙ) সবচেয়ে কম নোটিশ প্রদান করা।

চ) গ্রাহকের আঙ্গিনায় অযথা ঠিকাদারের অধিক লোকের আনাগোনা না করা।ছ) কাজ শেষে কার্য এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন করা।

জ) কাজ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবস্থা নিজেই করা।

ঝ) সুষ্ঠু ও উপযুক্তভাবে কাজের তত্ত্বাবধানের জন্য একজন যোগ্য সুপারভাইজারের মাধ্যমে কাজটির সার্বক্ষণিক তত্ত্বাবধান করা। এই ধরনের কাজের তত্ত্বাবধানের জন্য ঠিকাদার নকশা ও সিডিউল জমাদানের সময় একজন সুপাভাইজার সহ জনবলের নাম উল্লেখ করবেন।

ঞ) কোম্পানি অনুমোদিত ফিটিংস, বার্নার, সরঞ্জাম ও রূপান্তরিকৃত যন্ত্রপাতি ব্যবহার করবেন।

২.২। **পরিবর্তন, পরিবর্ধন এবং সংযোজনঃ** কাজ সমাপনের পূর্বে যে কোন সময়ে মূল প্লানের/নকশার যে কোন পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে হলে তার জন্য ঠিকাদারকে কোম্পানির নিকট হতে লিখিত পূর্ব অনুমোদন নিতে হবে।

.................
আবেদনকারীর স্বাক্ষর

২.৩। **পরিবর্তন, পরিবর্ধন এবং সংযোজন অনুমোদন অনুসরণঃ** ঠিকাদার কাজটি করার সময় পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন কাজের জন্য প্রদত্ত অনুমোদন অনুসরণ করবেন যা মূল প্লানের, স্পেসিফিকেশন বা কাজের বর্ণনা বা সিডিউলের মধ্যে অন্তর্ভুক্ত বা বাদ দেওয়া হয়েছে।

২.৪। **কাজের অগ্রগতিঃ** ঠিকাদার কর্তৃক জমাকৃত ওয়ার্ক সিডিউল অনুযায়ী কাজ সম্পাদন সমাপন করবেন।

২.৫। **কার্য সম্পাদন ও সার্টিফিকেট ইস্যুকরণঃ** সন্তোষজনকভাবে কাজ সমাপন ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রয়োজনীয় পরীক্ষাদি করার পর কোম্পানি ঠিকাদারকে কার্য সমাপন/গ্রহণের সার্টিফিকেট ইস্যু করতে পারবেন।

২.৬। **অনুমোদিত প্লানের বিচ্যুতিঃ** অনুমোদিত প্লান ও স্পেসিফিকেশনের কোনরূপ বিচ্যুতি ঘটলে ঠিকাদার কোম্পানির উপদেশ মোতাবেক কাজের প্রয়োজনীয় সংশোধন করবেন এবং তার জন্য গ্রাহকের নিকট কোন অতিরিক্ত চার্জ/বিল দাবী করতে পারবেন না।

২.৭। **সমাপনী প্রতিবেদন:** গ্রাহক ও ঠিকাদার কর্তৃক সম্পাদিত চুক্তি মোতাবেক কাজ সম্পাদনের পর এবং তা কোম্পানি কর্তৃক গ্রহণযোগ্য বিবেচিত হইবার পর ঠিকাদার কর্তৃক গ্যাস সরঞ্জাম/রূপান্তরকৃত যন্ত্রপাতি স্থাপনের পর প্রকৌশলীর নিকট সার্ভিস লাইন নির্মাণ ও গ্যাস চালু করার জন্য সমাপনী প্রতিবেদন দাখিল করতে হবে এবং তাতে পরিষ্কারভাবে কার্য সমাপনের তারিখ উল্লেখ করতে হবে।

২.৮। **কমিশনিং ফিঃ** সংযোগ কমিশনের পূর্বে গ্রাহক নিযুক্ত ঠিকাদারের নিকট হতে আবাসিক, বাণিজ্যিক ও শিল্প সংযোগের ক্ষেত্রে শ্রেণিওয়ারী ধার্যব্য হারে কমিশনিং ফি আদায় করা যাবে।

২.৯। **সার্ভিস গ্যারান্টি:** একজন ঠিকাদার কোন কাজ সম্পাদনের পর সমাপনী প্রতিবেদন জমাদানের তারিখ হতে পরবর্তী ১ (এক) বছরের জন্য লিখিতভাবে গ্রাহককে গ্যারান্টি প্রদান করবেন।

২.১০। **ন্যূনতম কাজের পরিমাণ:**

ক) **১.১ শ্রেণি:** এই পর্যায়ের একজন তালিকাভুক্ত ঠিকাদার প্রতি বছর ন্যূনতম ০৫ (পাঁচ) জন গ্রাহকের গ্যাস সংযোগের কাজ শেষ করবেন (গ্যাস সংযোগ সচল অবস্থায়) ।

খ) **১.২ শ্রেণি:** এই পর্যায়ের একজন তালিকাভুক্ত ঠিকাদার প্রতি বৎসরে ন্যূনতম ০১ (এক) টি শিল্প গ্রাহকের গ্যাস সংযোগের কাজ শেষ করতে হবে (কমিশনিং-এর যোগ্য করতে হবে) । তবে বর্তমানে শিল্প গ্রাহকের সংযোগের হার অত্যন্ত নগণ্য বিধায় উল্লিখিত ন্যূনতম সংযোগের সংখ্যা আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য স্থগিত থাকবে।

৩। **যে সকল কারণে ঠিকাদারদের তালিকাভুক্তি বাতিল করা যাবে:**
নিম্নোক্ত যে কোন ক্ষেত্রে কোম্পানি সতর্কীকরণপূর্বক বা সতর্কীকরণ ব্যতিরেকেই কোন ঠিকাদারের তালিকাভুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন:

৩.১। **নিয়মবহির্ভূত কাজ ও আচরণের ক্ষেত্রেঃ**

৩.১.১। ঠিকাদার যদি অবিশ্বাস্য যোগ্য বা অগ্রহণযোগ্য কাজ করেন।

৩.১.২। কোন ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠানের প্রতিনিধি অথবা প্রতিষ্ঠানের কারিগরি কর্মকর্তা/কর্মচারী যদি কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারীর সহিত অসদ-আচরণ বা অশোভন/অসৌজন্যমূলক আচরণ বা ব্যবহার করেন।

৩.১.৩। ঠিকাদার যদি তালিকাভুক্তি/সম্পত্তি/অঙ্গীকারপত্রের কোন শর্ত লঙ্ঘন করেন।

৩.১.৪। ঠিকাদার যদি কোম্পানির পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন ফিটিংস, বার্নার সরঞ্জামাদি বা যন্ত্রপাতি ব্যবহার করেন।

৩.১.৫। কোন প্রতিষ্ঠানের অনুমোদিত বা অনুমোদিত কোন প্রতিনিধি বা কর্মচারী বা কোন ঠিকাদারি প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট নয় এমন কোন ব্যক্তির বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে বা শাস্তি ভোগ করলে তাকে অন্য কোন প্রতিষ্ঠানের প্রতিনিধি বা কর্মচারী হিসাবে নিয়োগ করলে নিয়োগকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল হবে।

৩.১.৬। ঠিকাদার যদি উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন সরঞ্জাম/সার্ভিস লাইন/হাউজ লাইন স্থাপন বা পরিবর্তন, বর্ধিতকরণ, রূপান্তর কাজ গ্রহণ/সম্পাদন করেন এরূপ ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত কাজ ও মালামালের দ্বিগুণ মূল্য আদায়সহ ঠিকাদারকে চিরদিনের জন্য তালিকাভুক্তির অযোগ্য ঘোষণা করা যেতে পারে।

৩.২। **পালনীয়/করণীয় অন্যথায় তালিকাভুক্তি বাতিল:** ঠিকাদারের কোন নির্দিষ্ট কর্মচারী/কর্মচারীগণের বিরুদ্ধে যদি অশোভন ব্যবহার বা অসদ-আচরণ প্রমাণিত হয়, তবে কোম্পানি ঠিকাদারের ঐ ব্যক্তি/কর্মচারী/কর্মচারীগণকে অপসারণ করার জন্য এবং গ্রাহকের আঙ্গিনায় প্রবেশাধিকার হতে বিরত রাখার জন্য বলার অধিকার সংরক্ষণ করে এবং ঠিকাদার তা পালনে বাধ্য থাকবে। অন্যথায় ঠিকাদারের তালিকাভুক্তি বাতিল করা যাবে।

৩.৩। **সাব-কন্ট্রাক্টের জন্য তালিকাভুক্তি বাতিল:** কোন ঠিকাদার সম্পাদিতব্য কোন কাজ আংশিক বা সম্পূর্ণ কারো নিকট কোন অবস্থাতেই সাব-কন্ট্রাক্ট দিতে পারবেন না। কোন ঠিকাদার কর্তৃক কাহাকেও যদি কোন কাজের সাব-কন্ট্রাক্ট দেওয়ার বিষয় প্রমাণিত হয় তবে সাব-কন্ট্রাক্ট প্রদানকারী ঠিকাদারের তালিকাভুক্তি বাতিল হয়ে যাবে।

.....................
আবেদনকারীর স্বাক্ষর

৩.৪। **বিধি বহির্ভূতভাবে প্রতিনিধি নিয়োগের ক্ষেত্রে তালিকাভুক্তি বাতিল:** কোন ঠিকাদার কোম্পানির বিভিন্ন অফিস/জোন/আবিকায় একজন মাত্র প্রতিনিধি কোম্পানির পূর্ব অনুমোদন সাপেক্ষে নিয়োগ করতে পারবেন এবং তার নিকট কোম্পানি কর্তৃক সরবরাহকৃত কার্যকর পরিচয়পত্র থাকতে হবে। যদি কোন ঠিকাদার কোন অফিসে/জোনে/আবিকায় একজনের বেশি প্রতিনিধি নিয়োগ করেন তবে উক্ত ঠিকাদারের তালিকাভুক্তি কোম্পানির ইচ্ছাক্রমে বাতিল হয়ে যাবে।

৩.৫। **কোম্পানির কোন কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে ঠিকাদার কোন কাজের জন্য নিয়োগ করলে:** কোম্পানির কোন কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে ঠিকাদার কোন কাজের জন্য নিয়োগ করতে পারবেন না। যদি কোম্পানির কোন কর্মরত কর্মকর্তা/ কর্মচারীকে ঠিকাদার কোন কাজের জন্য নিয়োগ করেছেন বলে প্রমাণিত হয়, তবে কোম্পানির নিয়ম অনুযায়ী ঐ কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে এবং ঠিকাদারের তালিকাভুক্তি বাতিল করা যাবে।

৪। **প্যাটেন্ট অ্যান্ড রয়্যালটিঃ** ঠিকাদার (গণ) সকল প্রকার মালামাল, বিশেষত প্রাইমার-এর জন্য বিশেষ যন্ত্র নেওয়ার বিষয় সতর্ক করা যাচ্ছে। হিসাব বহির্ভূত মালামালের জন্য ঠিকাদারের নিকট পরিবর্তনের ২০০ (দুইশত) শতাংশ বা নির্দিষ্ট মূল্য যা বেশী হবে তা চার্জ/আদায় করা হবে।

৪.১। **রয়্যালটি ও লাইসেন্স ফি পরিশোধঃ** ঠিকাদার তার সরবরাহকৃত সরঞ্জামাদি ও উপকরণাদির সমুদয় রয়্যালটি এবং লাইসেন্স ফি পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৫। নোটিশ:

৫.১। চুক্তি/সম্পত্তিপত্রে নোটিশ বা আদেশ-নির্দেশ প্রদানের ক্ষেত্রে যদি নির্দিষ্ট করে বিশেষভাবে উল্লেখ করা না থাকে, তবে চুক্তি মোতাবেক যে কোন নোটিশ বা আদেশ নির্দেশ লিখিতভাবে দিতে হবে এবং কোম্পানিকে নোটিশ বা আদেশ নির্দেশ প্রদানের ক্ষেত্রে (ক) ওয়ার্ক সাইটে ব্যক্তিগতভাবে হাতে হাতে কোম্পানির প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধির নিকট হস্তান্তর করতে হবে অথবা (খ) চুক্তিপত্রে উল্লিখিত কোম্পানির রেজিস্টার্ড অফিসে রেজিস্টার্ড ডাকযোগে নোটিশ প্রদান করতে হবে। অনুরূপভাবে ঠিকাদারকে নোটিশ বা আদেশ নির্দেশ প্রদানের ক্ষেত্রে (ক) ওয়ার্ক-সাইটে ব্যক্তিগতভাবে হাতে হাতে ঠিকাদারের প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধির নিকট হস্তান্তর করতে হবে, অথবা (খ) চুক্তিপত্রে উল্লিখিত ঠিকাদারের রেজিস্টার্ড অফিসে ডাকযোগে তা প্রদান করতে হবে।

৫.২। হাতে হাতে প্রদানকৃত নোটিশ যে দিন দেওয়া হবে সেই দিন গৃহীত হয়েছে বলে ধরে নেওয়া হবে। তবে ডাকযোগে প্রেরিত নোটিশ যে দিন ডাক পিওন কর্তৃক দেওয়া হবে সেই দিন গৃহীত হয়েছে বলে ধরে নেওয়া হবে।

৬। সাধারণ ইনডেমনিটি:

৬.১। কার্য চলাকালীন শর্তানুযায়ী কোম্পানি কর্তৃক গৃহীতব্য দায়িত্ব ব্যতিরেকে কোন লোক বা প্রাণীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ বা কোম্পানির জন্য ক্ষতিকর কোন দাবী বা মামলার যাবতীয় দায়-দায়িত্ব ঠিকাদার কর্তৃক পরিশোধের নিশ্চয়তা প্রদান করে।

৬.২। কোম্পানির বিরুদ্ধে কোন দাবি পেশ করা হলে অথবা দাবির প্রেক্ষিতে কোম্পানির সম্পত্তি দখল/ অধিকারভুক্ত করলে, সেই ক্ষেত্রে উক্ত দাবি না মেটানো পর্যন্ত অথবা দখলকৃত সম্পত্তি মুক্ত না হওয়া পর্যন্ত কোম্পানি ঐ সময়ে বা পরবর্তীকালে ঠিকাদারকে দেয় সম্পূর্ণ অর্থ পরিশোধ স্থগিত রাখবে।

৬.৩। চুক্তির শর্ত মোতাবেক কার্য চলাকালীন যে কোন প্রকার দাবি দাওয়া ঠিকাদার কর্তৃক নিষ্পত্তি করতে হবে। উক্ত দাবি নিষ্পত্তি সংক্রান্ত ২ (দুই) কপি রশিদ তৈরী করতে হবে যার এক কপি কোম্পানিতে জমা করতে হবে।

৭। বীমা:

৭.১। তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদার (গণ)-কে ২ (দুই) বছর মেয়াদী তৃতীয় পক্ষের দায় বীমা পলিসি গ্রহণ করতে হবে। প্রতিটি দুর্ঘটনার জন্য তৃতীয় পক্ষের বীমার দায় হবে ন্যূনতম টাঃ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা মাত্র) এই ক্ষেত্রে দুর্ঘটনার সংখ্যা সীমিত নয়। প্রতি বছর তালিকাভুক্তি নবায়নের সময় ঠিকাদার (গণ)-কে পূর্ববর্তী মেয়াদের বীমার সহিত লাগাতার পরবর্তী মেয়াদ পর্যন্ত পুনরায় একইভাবে উক্ত পলিসি গ্রহণ করতে হবে।

৭.২। নির্বাহের ক্ষেত্রে ঠিকাদার (গণ)-কে কার্যনির্বাহের পূর্বে অবশ্যই শ্রমিক ক্ষতিপূরণ বীমা পলিসি গ্রহণ করতে হবে।

৭.৩। তালিকাভুক্তি/নবায়ন পাইতে ইচ্ছুক ঠিকাদার (গণ) তালিকাভুক্তি গ্রহণ/নবায়নের নির্ধারিত সময় হতে পরবর্তী নবায়ন পর্যন্ত মেয়াদকালের জন্য তৃতীয় পক্ষ দায় বীমা পলিসি গ্রহণ করবেন এবং কার্যাভিপ্রায় পত্র প্রাপ্ত ঠিকাদার তা গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে সম্পূর্ণ কার্য মেয়াদকালের জন্য শ্রমিক ক্ষতিপূরণ পলিসি গ্রহণ করবেন এবং পলিসির মূল কপি কোম্পানির দপ্তরে দাখিল করবেন। কোন কারণে কার্য সম্পাদনের সময়সীমা বর্ধিত হলে ঠিকাদার নিজ ব্যয়ে পলিসির মেয়াদ বর্ধিত করবেন। পলিসিসমূহে এমন শর্ত অন্তর্ভুক্ত থাকবে যাতে কোম্পানি কর্তৃক ১৫ (পনের) দিনের অগ্রীম লিখিত নোটিশ ব্যতীত কোন কিছু করা যাবে না।

৮। আইন প্রয়োগ:

বাংলাদেশ সরকার কর্তৃক প্রকাশিত সর্বশেষ গ্যাস বিপণন নিয়মাবালী (বর্তমান ও সংশোধিত আকারে) এর সংশ্লিষ্ট ধারাসমূহ ও সরকার এবং অন্যান্য পাবলিক অথরিটি কর্তৃক প্রণীত আইন, বিধি-বিধান, অর্ডিন্যান্স ইত্যাদি যথাযোগ্যভাবে মেনে চলতে ঠিকাদার বাধ্য থাকবেন। ঠিকাদারের কোন প্রকার ব্যর্থতা বা নিয়ম না মানার কারণে যদি কোন প্রকার জরিমানা বা ক্ষতিপূরণ সরকার কর্তৃক কোন স্থানীয় সরকার কর্তৃক দাবী করা হয় তবে ঠিকাদার নিজেই তা পরিশোধ করতে বাধ্য থাকবেন। এ জন্য ঠিকাদার তালিকাভুক্তি তফসিলের কোন ধারা থেকে কোনভাবেই অব্যাহতি পাবেন না।

.....................
আবেদনকারীর স্বাক্ষর

৯। **কার্য নির্বাহ:**

৯.১। কার্য নির্বাহের সময় ঠিকাদার জায়গার মালিক, ভাড়াটে বা দখলকারের সম্পদের ও অবকাঠামোসমূহ বিবেচনায় রাখবেন। সম্পদ বা অবকাঠামোর ক্ষতি সাধিত হলে ঠিকাদার তার মালিক বা পরিচালকের সন্তুষ্টি মোতাবেক প্রয়োজনীয় মেরামত বা পুনঃনির্মাণ করবেন।

৯.২। কোন দুর্ঘটনায় আঘাত, জীবনহানি অথবা সম্পদ, গাড়ী ও মওজুদের যেন কোন ক্ষতি না হয় তা প্রতিরোধের জন্য ঠিকাদার প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করবেন এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। কার্য নির্বাহের সময় কোন কিছু ঘটলে তার দায়-দায়িত্ব ঠিকাদার বহন করবেন।

৯.৩। পাবলিক রোডের মালিকানাধীন এজেন্সি বা অনুরূপ সংস্থা/ কর্তৃপক্ষ যদি কোন নির্দিষ্ট সময় ও কাজের মান নির্ধারণ করে দেয় তবে ঠিকাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।

১০। **ঠিকাদারের কর্মকর্তা /কর্মচারী:**

১০.১। চুক্তি অনুযায়ী কড়াকড়িভাবে যোগ্যতা সম্পন্ন, অভিজ্ঞ, সাবধানী এবং দক্ষ কর্মকর্তা/কর্মচারী দ্বারা যে কোন কাজ সুচারুভাবে সম্পাদন করতে হবে। ঠিকাদারের কোন কর্মকর্তা/কর্মচারীকে কাজ হতে অপসারণ করতে নির্দেশ প্রদান করার অধিকার কোম্পানি সংরক্ষণ করবেন যদি কোম্পানির বিবেচনায় উক্ত কর্মচারীকে যে কাজ দেওয়া হয়েছে তার অনুপযুক্ত বা অসাবধানী বা অযোগ্য হয় অথবা দোষী হয়, অসদাচরণ করে বা কোম্পানির প্রতিনিধির কথা না শোনে অথবা যে ভাবেই হউক কোম্পানির ইন্টারেস্ট বা পাবলিক রিলেশন জেপোর্ডাইস করে।

১০.২। কর্মকর্তা/ কর্মচারীদের নিয়োগদান, কার্য প্রদান, বেতন প্রদান বা ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে ঠিকাদার অবশ্যই সরকারী আইন ও বিধি-বিধান মেনে চলতে বাধ্য থাকবেন।

১০.৩। কোম্পানির কোন কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে ঠিকাদার কোন কাজের জন্য নিয়োগ করতে পারবেন না।

১১। **ট্যাক্স:**

ঠিকাদারকে সকল প্রকার ট্যাক্স ফি, আবগারী শুল্ক, ব্যক্তিগত সম্পদের উপর আয়কর এবং সরকার কর্তৃক বিভিন্ন যন্ত্রপাতির উপর আরোপিত কর স্থানীয় সরকার ও বিভিন্ন অথরিটি কর্তৃক আরোপিত বিভিন্ন কর পরিশোধ করতে হবে।

১২। **নিরাপত্তা জামানত:**

১২.১। হাউজ লাইনের ত্রুটিপূর্ণ নির্মাণ বা কনভারশন ইকুইপমেন্টের ত্রুটিপূর্ণ স্থাপনের কারণে উদ্ভুত ক্ষতি ও রিস্ক কভার করার জন্য তালিকাভুক্তি ঠিকাদার (গণ) কোম্পানির নিকট নিরাপত্তা জামানত (যা সময়ে সময়ে পরিবর্তিত হবে) বাবদ নগদ অর্থ জমা দিতে হবে। ঠিকাদারের তালিকাভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর (টার্মিনেশনের সময়) ঠিকাদারের বিরুদ্ধে যদি কোন অভিযোগ/দাবী না থাকে তবে তাদের জমাকৃত নিরাপত্তা জামানত ফেরৎ প্রদান করা হবে। তবে এই বাবদ জমাকৃত টাকার উপর কোন প্রকার সুদ প্রদান করা হবে না। এই সময়ের জন্য নিরাপত্তা জামানতের টাকা নিম্নোক্ত হারে নির্ধারণ করা হল।

| | |
|---|---|
| **শ্রেণি: ১.১** | **নগদ অর্থ টাঃ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা** মাত্র) । |
| **শ্রেণি: ১.২** | **নগদ অর্থ টাঃ ৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার টাকা** মাত্র) । |

১২.২। যদি কেউ একই সাথে শ্রেণি ১.১ ও ১.২ এর জন্য তালিকাভুক্ত হন তবে উভয় ক্ষেত্রেই নিরাপত্তা জামানতের টাকা জমা দিতে হবে। তালিকাভুক্তি/নবায়নকালে পূর্বের জমা নগদ আকারে জমা না থাকলে নগদ/ডিডি/পে-অর্ডার আকারে জমাদান করে পূর্বের জমাকৃত সঞ্চয়পত্র/ বিনিয়োগ বন্ড/এফডিআর/টিডিআর ইত্যাদি ফেরত গ্রহণ করা যেতে পারে।

১২.৩। কোন ঠিকাদারের বিরুদ্ধে যদি কোন অভিযোগ/দাবী উঠে এবং কোম্পানির দৃষ্টিতে/মতে যদি উক্ত দাবী যুক্তিসঙ্গত প্রতীয়মান হয় তবে কোম্পানি (১২.১ ধারা অনুযায়ী) এই ধরনের দাবীর পরিমাণ বেশী হয় তবে ঠিকাদার অতিরিক্ত টাকা পরিশোধ করতে আইনতঃ বাধ্য থাকবে।

১২.৪। নবায়ন কালে বর্ধিত হারের অতিরিক্ত ব্যালেন্স জামানত নগদ/ ডিডি আকারে জমা দিতে হবে।

১৩। **আরবিট্রেশন:**

১৩.১। ঠিকাদার ও গ্রাহকের মধ্যে গ্যাস সংক্রান্ত কোন বিরোধের ক্ষেত্রে কোম্পানি, গ্রাহক ও ঠিকাদার কর্তৃক সম্পাদিত লিখিত চুক্তি মোতাবেক বিরোধ নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদানের অধিকার সংরক্ষণ করবে।

১৩.২। ঠিকাদার চুক্তির বিষয়ে সকল পয়েন্ট লিখিতভাবে নিজের কাছে যথাযথভাবে রেকর্ড রাখবে। ঠিকাদার লিখিত রেকর্ড রাখতে ব্যর্থ হলে কোম্পানি গ্রাহকের স্টেটমেন্টের ভিত্তিতে বিরোধের ব্যাপারে সিদ্ধান্ত প্রদান করবে।

১৪। **ঠিকাদারের পারফরমেন্স:**

১৪.১। ঠিকাদার কর্তৃক প্রতি বছরের প্রতিবেদন অর্থাৎ জানুয়ারি-ডিসেম্বর মাসের প্রতিবেদন পরের বছরে জানুয়ারি মাসের ১৫ তারিখের মধ্যে কোম্পানির পরিকল্পনা ডিপার্টমেন্টে নিয়মিতভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদনে সংযোগ প্রদানের সংখ্যা, গ্রাহকের সংকেত নাম্বার এবং নাম ঠিকানা উল্লেখ পূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্বাক্ষরে প্রেরণ করতে হবে। কোন প্রতিষ্ঠানের প্রতিবেদন নিয়মিত না পাওয়া গেলে ঠিকাদারী কার্যক্রম স্থগিত করা যেতে পারে।

১৪.২। কোম্পানি/পরিকল্পনা ডিপার্টমেন্ট কর্তৃক প্রতি বছর অন্তর অন্তর কাজ বাস্তবায়নকারী রিজিওনাল অফিস হতে তথ্য সংগ্রহের মাধ্যমে ঠিকাদারের (গণের) পারফরমেন্স রিভিউ করা হবে এবং সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

..................
আবেদনকারীর স্বাক্ষর

১৪.৩। প্রতি বছর ঠিকাদারগণকে নির্ধারিত সময়সীমার মধ্যে পারফরমেন্স সংক্রান্ত তথ্যাদির ছক যথাযথভাবে পূরণ করে যে সব রিজিওনাল অফিসে কাজ করেছেন সে সব রিজিওনাল অফিস প্রধানের সত্যায়নপূর্বক জমাদান করতে হবে।

১৫। **ন্যূনতম চাহিদা:**

১৫.১। **জনশক্তিঃ** ঠিকাদারের প্রতিষ্ঠানে অবশ্যই নিম্নলিখিত জনশক্তি থাকতে হবে।

| ক্রমিক নং | জনশক্তির বিবরণ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | ১.১ শ্রেণির জন্য প্রয়োজন | ১.২ শ্রেণির জন্য প্রয়োজন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশলী | গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক প্রকৌশলী বা ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ডিপ্লোমা প্রকৌশলী। | প্রয়োজন নাই | ১ (এক) জন |
| ২ | ফোরম্যান | গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন। | প্রয়োজন নাই | ১ (এক) জন |
| ৩ | সুপারভাইজার | গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন। | ১ (এক) জন | ২ (দুই) জন |
| ৪ | ওয়েল্ডার | **পশ্চিমাঞ্চল গ্যাস বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানিসমূহের ইস্যুকৃত সনদধারীগণ** | প্রয়োজন নাই | * ১ (এক) জন |
| ৫ | ফিটার | **পশ্চিমাঞ্চল গ্যাস বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানিসমূহের ইস্যুকৃত সনদধারীগণ** | ১ (এক) জন | ** ২ (দুই) জন |
| ৬ | ইলেকট্রিশিয়ান | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন | প্রয়োজন নাই | ১ (এক) জন |
| ৭ | অদক্ষ শ্রমিক | - | কাজের প্রয়োজন অনুযায়ী | কাজের প্রয়োজন অনুযায়ী |

* পশ্চিমাঞ্চল গ্যাস বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানিসমূহের সনদপত্র প্রাপ্ত কমপক্ষে ডি গ্রেড-এর ওয়েল্ডার হতে হবে।
** পশ্চিমাঞ্চল গ্যাস বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য কোম্পানিসমূহের সনদপত্র প্রাপ্ত কমপক্ষে সি গ্রেড-এর ফিটার হতে হবে।

১৫.২। **যন্ত্রপাতি/মেশিনারী চাহিদা:**

ঠিকাদারের প্রতিষ্ঠান/ফার্মে অবশ্যই ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ-সরঞ্জাম কার্যক্ষম অবস্থায় সার্বক্ষণিক থাকতে হবে। কোম্পানির মনোনীত প্রতিনিধি ঠিকাদারের যন্ত্রপাতি ও সরঞ্জাম মালিকানা প্রমাণপত্র সহ প্রয়োজনে যে কোন সময় পরীক্ষা করবেনঃ

| ক্রমিক নং | যন্ত্রপাতি/মেশিনারী ও সাজ-সরঞ্জামের তালিকা | ১.১ শ্রেণির জন্য প্রয়োজন | ১.২ শ্রেণির জন্য প্রয়োজন |
|---|---|---|---|
| ১ | পাইপ রেঞ্জ ডাইস, হ্যাকস, ওয়ার-ব্রাশ, পাইপ কাটার, হেলমেট, গ্লোভ ইত্যাদি যন্ত্রপাতি। | মালিক প্রতিনিধি প্রত্যেকের জন্য পৃথকভাবে ১ (এক) লট। | মালিক ও প্রতিনিধি প্রত্যেকের জন্য পৃথকভাবে ১ (এক) লট। |
| ২ | ফুট পাম্প | প্রয়োজন নাই | ১ (এক) টি |
| ৩ | ফাইলস, হ্যামার চিজেল, ওয়ার-ব্রাশার, ওভার নাইটস্টপার, স্টপ ওয়াচ, উইন্ড শিল্ড ইত্যাদি যন্ত্রপাতি | ঐ | মালিক ও প্রতিনিধি প্রত্যেকের জন্য পৃথকভাবে ১ (এক) লট। |
| ৪ | চলমান ডিজেল ওয়েল্ডিং সেট | ঐ | ঐ-১ (এক) টি করে। |
| ৫ | ব্যাভেলিং মেশিন | ঐ | ঐ-১ (এক) টি করে। |
| ৬ | গ্রাইন্ডিং মেশিন | ঐ | ঐ-১ (এক) টি করে। |
| ৭ | লাইন আপ ক্লাম্প (পাইপের ব্যাস অনুযায়ী) | ঐ | ঐ- প্রতি সাইজের ১ (এক) টি করে। |
| ৮ | এয়ার কমপ্রেসার (১০০ পিএসআইজি) | ঐ | ঐ-১ (এক) টি করে। |

১৬। **ব্যবহারযোগ্য মালামাল :**

১৬.১। রেস্টিং রড (অনুমোদিতভাবে তৈরী) প্রাক্কলনযোগ্য মালামাল, গ্রাইন্ডিং ডাইস, মালামাল ও যন্ত্রপাতি পাইপের ভিতরে ও বাইরে পরিষ্কার করার জন্য হ্যান্ড টুল, স্লিপার এবং রেডিকোটেড পাইপ অস্থায়ীভাবে স্থাপনের জন্য কুশন ইত্যাদি ঠিকাদারকে নিজ থেকেই ব্যবস্থা করতে হবে।

১৬.২। ইকুইপমেন্টের সংখ্যা কাজের পরিমাণের উপর নির্ভরশীল।

১৬.৩। কোন নির্মাণ যন্ত্রপাতি বা টুল (হাতিয়ার) কোম্পানি কর্তৃক ইস্যু করা হবে না।

.....................

আবেদনকারীর স্বাক্ষর

## ক্যাপটিভ পাওয়ার, চা-বাগান, শিল্প, বাণিজ্যিক ও আবাসিক গ্রাহকের হাউজ লাইনের সর্বশেষ বিবরণী:

১৭। **হাউজ লাইন:**

১৭.১। কোম্পানির আরএমএস-এর বহির্গমন রাইজার হতে গৃহের/কারখানার অভ্যন্তরে স্থাপনা/বার্নার পর্যন্ত স্থাপিত পাইপ লাইন হাউজ লাইন নামে অভিহিত।

১৭.২। লাইন নির্মাণ/স্থাপনের সময় বাংলাদেশ খনিজ নিরাপত্তা বিধি (সর্বশেষ সংশোধিত) এবং অন্যান্য প্রাসঙ্গিক বিধি ও কোড মেনে চলতে হবে। এই সব বিধির অন্যথা হলে তা শাস্তিযোগ্য অপরাধ হবে।

১৮। **হাউজ লাইনের ডিজাইন:**

১৮.১। কোম্পানি কর্তৃক সরবরাহকৃত কারিগরী উপাত্ত অনুযায়ী ঠিকাদার হাউজ লাইনের লে-আউট ডিজাইন করবেন। ডিজাইনের সময় কারিগরি সম্ভাব্যতা, অর্থনৈতিক দিক এবং কাজ সম্পাদনের সময় গ্রাহকের সুবিধা/অসুবিধা বিবেচনায় রাখতে হবে। তিনি যথাসম্ভব সঠিকভাবে হাউজ লাইনের এ্যালায়েনমেন্ট প্রদর্শনপূর্বক নকশা প্রকৌশলীর নিকট দাখিল করবেন। লে-আউট ডিজাইন ও মালামালের তালিকা করার সময় ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ হ্যাজার্ড প্রতিরোধের জন্য যথাযথ নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।

১৮.২। গান পাইপের আকৃতি এবং পাইপ লাইন স্থাপন কাজ যথোপযুক্ত হতে হবে, যাতে সর্বোচ্চ চাহিদা অনুযায়ী সরবরাহ করা যায় এবং পাইপ লাইনে অনাকাঙ্খিত চাপ ঘাটতি না হয়। কয়েকটি গ্যাস সরঞ্জামের আনুমানিক গ্যাস খরচের পরিমাণ ১ নং সারণীতে বর্ণিত হল।

১৮.৩। ঠিকাদারের গাইড লাইন হিসাবে টেবিল নং-২ এ পাইপের আকৃতি অনুযায়ী গ্যাস প্রবাহের হার উল্লেখ করা হল।

১৮.৪। বেন্ড, টি, এলবো ইত্যাদি ফিটিংসমূহ প্রয়োজন/চাহিদা অনুযায়ী ব্যবহার করতে হবে। তবে এই সংখ্যা সর্বনিম্ন পর্যয়ে রাখতে হবে।

১৮.৫। দেওয়ালের ভিতর অবস্থিত পাইপের অংশে জয়েন্ট, ইউনিয়ন বা অন্য কোন ফিটিংস স্থাপন করা যাবে না। কোন বিল্ডিং এর ভিতরে সার্ভিস পাইপ প্রবেশ করাতে হলে প্রজ্বলিত হবে না এমন দ্রব্যের দ্বারা দেওয়ালে একটি স্লিভ তৈরী করতে হবে। যার ব্যাস সার্ভিস পাইপের বাইরের ব্যাস অপেক্ষা অন্ততঃ ১ (এক) ইঞ্চি বড় হবে। ভূগর্ভস্থ হলে স্লিভ এর প্রান্তদ্বার ফিনিশড ওয়াল সারফেস অপেক্ষা অন্ততঃ ১ (এক) ইঞ্চি বর্ধিত রাখতে হবে। ফাউন্ডেশন, পার্টিশন ওয়াল বা মেঝের নীচে সার্ভিস পাইপ স্থাপনের ক্ষেত্রেও স্লিভ ব্যবহার করতে হবে। স্লিভের ভিতরে পাইপ এমনভাবে স্থাপন করতে হবে যেন পাইপটি কেন্দ্র বরাবর থাকে। পাইপ ও স্লিভের মাঝের ফাঁক সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর যথোপযুক্ত প্যাকিং দ্রব্য দ্বারা পূর্ণ করতে হবে। স্লিভ ও কাঠামো দেওয়ালের মধ্যবর্তী ফাঁকা জায়গা সিমেন্ট দ্বারা পুরণ করতে হবে।

১৮.৬। কোম্পানির স্থাপিত নিকটবর্তী বিতরণ লাইনের কাছাকাছি একটি স্থানে হাউজ লাইনের অফটেক পয়েন্ট নির্ধারণ করতে ঠিকাদার বাধ্য থাকবেন। সন্দেহ দেখা দিলে গ্রাহককে কোন প্রকার আশ্বাস দেওয়ার পূর্বে কোম্পানির নির্দিষ্ট সেকশনে যোগাযোগ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৮.৭। হাউজ লাইন নির্মাণের পথ সুন্দরভাবে নির্মাণ করতে হবে এবং অপরিষ্কার জায়গার উপর হতে বিরত থাকতে হবে। কারণ যত সুন্দরভাবে ক্ষতিগ্রস্থ জায়গা পুনঃনির্মাণ করা হোক তা পূর্বের ন্যায় হবে না।

১৮.৮। প্রস্তাবিত হাউজ লাইন নির্মাণ পথের ভূমির প্রকৃতি ও প্রকার সম্পর্কে তথ্য যথাযথভাবে রেকর্ড করতে হবে। যা ক্ষতিগ্রস্থ স্থানের পুনঃনির্মাণের সময় উত্থাপিত দাবী মিটানোর জন্য ঠিকাদার ও গ্রাহক উভয়ের প্রয়োজন হবে।

১৯। **ব্যবহৃত মালামাল:**

১৯.১। সকল প্রকার মালামাল যথা পাইপ, ফিটিংস ইত্যাদি অবশ্যই এ.পি.আইঃ এ, এস, এ, বি অথবা সমপর্যায়ের স্পেসিফিকেশনের হতে হবে। যা সময় সময় কোম্পানি নির্ধারণ করে দিবে।

১৯.২। হাউজ লাইনে ব্যবহৃত স্থানীয় বা আমদানীকৃত পাইপ (সিম- ওয়েল্ডেড বা স্পাইরাল ওয়েল্ডেড) অবশ্যই ৩০ পি.এস. আই. জি চাপে গ্যাস প্রবাহ ধারণ করতে পারবে এবং ইহার নিশ্চয়তা প্রস্তুতকারীকে দিতে হবে।

১৯.৩। বেন্ড, টি, এলবো, রিডিউসার, ইউনিয়ন, নিপল ইত্যাদি ফিটিংসসমূহ অবশ্যই পাইপে ব্যবহারযোগ্য এবং একইরূপ স্পেসিফিকেশনের হতে হবে। স্থানীয় পাইপ লাইনে ব্যবহার করা যাবে।

১৯.৪। যে সমস্ত পাইপ ফিটিংস সমুহে বেশী মরিচা ধরে/পড়ে তা কোনভাবেই ব্যবহার করা যাবে না এবং ওয়ার্ক সাইটে ব্যবহারের অনুমতি দেওয়া হবে না।

২০। **কার্য আরম্ভ :**

২০.১। **খনন কার্যঃ** ভূগর্ভস্থ বা ভূ-উপরিস্থ অন্যের প্ল্যান্ট, সম্পদ, বিদ্যুৎ বা পানি সঞ্চালন কর্তৃপক্ষের সম্পদ এবং সকল প্রকারের ক্যাবল, পাইপ, ড্রাফট, সুয়ারেজ বা ড্রেনস্যান্ড টানেল খুজিয়া বাহির করা ও তার নিরাপত্তা বিধানের দায়িত্ব সার্বিকভাবে ঠিকাদারের। এরূপ ক্ষেত্রে কোন প্রকার হস্তক্ষেপের কারণে এই সকল সরঞ্জামের কাজের কোন অসুবিধা যেন না হয় তার জন্য ঠিকাদার প্রতিরোধমূলক ব্যবস্থা লইবেন।

২০.২। ট্রেঞ্চিং কাজের ক্ষেত্রে প্রত্যেক ঠিকাদার নিম্নের শর্তাবলী মেনে চলবেন:

২০.২.১। ২(দুই) ইঞ্চি পর্যন্ত ব্যাসের পাইপের উপর অবশ্যই সর্বনিম্ন ১৮ (আঠার) ইঞ্চি মাটি দ্বারা ঢেকে দিতে হবে।

২০.২.২। প্রস্থ পাইপের উভয় পার্শ্বে অবশ্যই সর্বনিম্ন ৪ (চার) ইঞ্চি হবে।

২০.২.৩। দেওয়াল বা কোন ফাউন্ডেশনের সাথে/পার্শ্বে ট্রেঞ্চ খুঁড়তে হলে অবশ্যই তার সর্বনিম্ন দূরত্ব (দেওয়াল বা ফাউন্ডেশন হতে) ট্রেঞ্চের গভীরতা (দেওয়াল বা ফাউন্ডেশন লেভেল হতে)-এর সমান হবে।

২০.২.৪। অতিরিক্ত লোক চলাচল করে এমন জায়গায় পাইপ স্থাপন করার সময় ট্রেঞ্চের তলা সমান ও শক্ত মাটির হতে হবে।

২০.২.৫। খননকৃত মাটি / মালামাল এমনভাবে রাখতে হবে যাতে মুক্তভাবে লোক চলাচলের কোন অসুবিধা সৃষ্টি না হয়।

২০.২.৬। যে সকল ক্ষেত্রে বৈদ্যুতিক পাওয়ার ক্যাবল হাউজ লাইনের পাইপের উপরে বা নীচে পড়বে সেই স্থানে প্লাস্টিক বা পিভিসি পাইপের তৈরী স্লিভের ভিতর পাইপ স্থাপন করতে হবে। প্লাস্টিক বা পিভিসি পাইপ

..................
আবেদনকারীর স্বাক্ষর

ফ্লেক্সিবল হতে পারবে না। স্লিভের ব্যাস অবশ্যই গ্যাস পাইপের চেয়ে বড় হতে হবে এবং ইহার দৈর্ঘ্য পাওয়ার ক্যাবলের উভয় পার্শ্বে সর্বনিম্ন ১ (এক) ফুট পর্যন্ত বর্ধিত থাকতে হবে।'

২১। **অন্যান্য ইউটিলিটি সার্ভিসের নিরাপত্তা:**

২১.১। মাটি কাটার সময় অন্যান্য ইউটিলিটি সার্ভিসের পাইপ ও ক্যাবল ক্ষতিগ্রস্থ না হয়, এই বিষয়ে ঠিকাদার সতর্ক থাকবেন। নির্মাণ কাজের সময় এই ধরণের পাইপ/ক্যাবলের কোন ক্ষতি সাধিত হলে তার দায়-দায়িত্ব ঠিকাদারের উপর বর্তাবে।

২১.২। কোন আঙ্গিনায়/প্রতিষ্ঠানে পূর্বেই বৈদ্যুতিক সংযোগ স্থাপন করা হয়ে থাকলে সেই ক্ষেত্রে সার্ভিস পাইপ বৈদ্যুতিক ক্যাবলের মধ্যে ন্যূনতম দূরত্ব হবে ৬ (ছয়) ইঞ্চি। খননকৃত জমিতে সার্ভিস লাইন এবং বৈদ্যুতিক ক্যাবলের মধ্যে ন্যূনতম দূরত্ব ০১ (এক) ফুট হতে হবে।

২২। **রি- ইনস্টেটমেন্ট:**

কর্তনকৃত ট্রেঞ্চ ভরাট করার সময় কোম্পানির সংশ্লিষ্ট ইউটিলাইজেশন সেকশনে অবহিত করতে হবে এবং তা পরীক্ষা করে দেখবেন যে, ট্রেঞ্চের তলায় ইহার দৈর্ঘ্য বরাবর পাইপ সোজাভাবে স্থাপন করা হয়েছে এবং পাইপের নীচে কোন পাথর বা এই জাতীয় বস্তু পড়ে নাই। ট্রেঞ্চ ভরাট করার সময় নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে।

২২.১। খননকৃত মাটি দ্বারা ট্রেঞ্চ ভরাট করার সময় ট্রেঞ্চের ভিতরে পানি থাকতে পারবে না।

২২.২। কোন প্রকার কঠিন ও শক্ত দ্রব্য/বস্তু দ্বারা ট্রেঞ্চ ভরাট করা যাবে না। এই ধরণের কর্তনকৃত দ্রব্য/বস্তুর পরিবর্তে বালি দ্বারা ভরাট/পূরণ করতে হবে। তবে স্থানীয়ভাবে ভরাট করার জন্য শুধু নীচের লেয়ারে পাথর, ইটের টুকরা ইত্যাদি দেওয়া যাবে।

২২.৩। ভরাট করার পর উপযুক্ত হাতিয়ারের সাহায্যে ভালভাবে মাটিকে চাপা দিতে হবে। তবে পাইপের উপরে ন্যূনতম ৬ (ছয়) ইঞ্চি পরিমাণ মাটি ভরাট না করা পর্যন্ত চাপ দেয়া যাবে না।

২৩। **পাইপ স্থাপন:**

২৩.১। **পরিষ্কারকরণ:** ঠিকাদার এই মর্মে নিশ্চয়তা দিবেন যে, যে কোন ব্যাসের পাইপের ভিতরে খুব ভালভাবে পরিষ্কার করা আছে এবং ধূলিকণা বা অন্য কোন বাইরের দ্রব্য হতে মুক্ত। স্লাগ-ফিট-ডিস পাইপের ভিতরে প্রবেশ করে তা টেনে বের করার মাধ্যমে অথবা চাপ যুক্ত বাতাস পাইপের ভিতরে প্রবাহিত করে পরিষ্কার করার কাজটি করা যেতে পারে এবং ইহা পাইপ জোড়া লাগানোর পূর্বেই সম্পাদন করতে হবে। পাইপের ভিতরের পার্শ্ব ভালভারে পরিষ্কার করার ব্যাপারে সম্পূর্ণ দায়-দায়িত্ব ঠিকাদারের উপর বর্তাবে।

২৩.২। **পাইপ স্থাপন:** এমনভাবে পাইপ স্থাপন করতে হবে যেন পাইপ লাইনে কোন চাপ না পড়ে। ভালভাবে সমাধা করা সম্ভব হলে ১৫ (পনের) ডিগ্রী পর্যন্ত কোল্ড বেন্ড গ্রহণযোগ্য হতে পারে। তবে পরীক্ষা পূর্বক অনুমোদন দানের জন্য এই ধরণের বেন্ড উন্মুক্ত রাখতে হবে।

২৩.৩। **উন্মুক্ত পাইপ স্থাপনঃ** উন্মুক্ত পাইপ স্থাপনের সময় নিম্নলিখিত বিধি/নিয়ম মেনে চলতে হবে।

২৩.৩.১। বাউন্ডারী দেওয়ালের সাথে উন্মুক্ত পাইপ স্থাপন সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে বিশেষ ক্ষেত্রে প্রকৌশলীর বিবেচনা মতে অনুমোদন সাপেক্ষে এই ধরনের স্থাপন প্রক্রিয়ার অনুমতি দেওয়া যেতে পারে।

২৩.৩.২। ভূ-গর্ভস্থ পাইপ লাইনের উন্মুক্ত অংশ যা দেওয়ালের ভিতরে প্রবেশ করবে তার দৈর্ঘ্য যথা সম্ভব কম হবে এবং এই অংশ দেওয়ালের সাথে ফ্লাটভাবে স্থাপন (ফিক্স) করতে হবে।

২৩.৩.৩। অনিবার্য কারণ বশতঃ জায়গার অভাব ইত্যাদি কারণে উন্মুক্ত পাইপ মাটির (গ্রাউন্ড) লেভেল হতে ৮ (আট) ফুট উচ্চতায় স্থাপন (ফিক্স) করা যেতে পারে। এই সকল ক্ষেত্রে অনুমোদিত ক্লাম্প ব্যবহার করতে হবে। উপযুক্ত ক্লাম্প -এর সাহায্যে খুব শক্তভাবে দেওয়ালের সাথে স্থাপন করতে হবে। নেইল গ্রহণযোগ্য হবে না। দেওয়াল বরাবর পাইপ ফিক্স-এর (স্থাপনের) সাপোর্টের মধ্যবর্তী সর্বোচ্চ প্রকৃতপক্ষে গ্রহণযোগ্য দূরত্ব/দৈর্ঘ্য নিম্নে দেওয়া হল:

| ব্যাস (ইঞ্চি) | ভার্টিক্যাল রান (ইঞ্চি) | হরিজন্টাল রান (ইঞ্চি) |
|---|---|---|
| ১/২" | ৮ | ৬ |
| ৩/8" | ৮ | ৬ |
| ১" | ৮ | ৬ |
| $১^{১}/_{২}$" | ১০ | ৮ |
| ২" | ১০ | ৮ |

উন্মুক্ত পাইপ দেওয়ালের সাথে ভার্টিক্যাল বা হরিজন্টাল পজিশনে স্থাপন করার কারণ শুধু দেখতে ভাল লাগবে বলেই নয় বরং উপযুক্ত কাজ হিসাবেই তা করতে হবে।

২৪। **সংযুক্তকরণ:** হাউজ লাইনের জয়েন্টসমূহ স্ক্রু-যুক্ত ওয়েল্ডিংকৃত বা যান্ত্রিক ধরণের হতে পারে। এই ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে নিশ্চয়তা থাকতে হবে।

২৪.১। **স্ক্রু-যুক্ত জয়েন্ট:** ভূগর্ভস্থ বা ওভারহেড হাউজ লাইন উভয় ক্ষেত্রেই স্ক্রু-যুক্ত জয়েন্ট ব্যবহৃত হতে পারে। কিন্তু তার মান বি. এস. ডব্লিউ বা এন. ডব্লিউ বা এন. পি. টি স্ট্যান্ডার্ডের হতে হবে এবং ফিটিংস মালামাল অনুমোদিত ক্লাসের হবে। তবে যেমন ভূগর্ভস্থ লাইনের গ্যাস প্রবাহ চাপ ২ (দুই) পি. এস. আই. জি-এর উপরে ঐ সমস্ত পাইপে জয়েন্ট ওয়েল্ডকৃত (২৪.২ ধারার বর্ণনা অনুযায়ী) হতে হবে।

২৪.১.১। হাতে কাটা থ্রেড অবশ্যই অনুমোদিত অবস্থায় ডাইস দ্বারা সাবধানে তৈরী করতে হবে এবং থ্রেড কাটার সময় ডাইস পাইপ রেস্টের উপর সোজাভাবে রাখতে হবে। জয়েন্ট সমূহ পূর্ণ থ্রেড টাইট দিতে হবে।

২৪.১.২। এপেনডিক্স-এর সারণী ৩ এ থ্রেড সম্পর্কে বিস্তারিত তথ্য দেওয়া আছে।

২৪.২। **ওয়েল্ডকৃত জয়েন্টঃ** জয়েন্টের সারণী-৩ এ থ্রেড সম্পর্কে বিস্তারিত তথ্য দেওয়া হয়েছে।

....................

আবেদনকারীর স্বাক্ষর

২৪.২.১। **ওয়েল্ডার:** শুধু পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড অথবা অন্যান্য গ্যাস বিপণন কোম্পানির সনদধারী সুযোগ্য ওয়েল্ডারগণ গ্যাস পাইপ লাইনের ওয়েল্ডিং-এর কাজ করার অনুমতি পাবে।

২৪.২.৩। **প্রান্ত প্রস্তুতকরণ:**

ক) ওয়েল্ডিং করার পূর্বে লাইন আপ দেখে নিতে হবে।

খ) রুট-বিট যাতে যথাস্থানে সবচেয়ে ভালভাবে জমা হতে পারে সে জন্য পাইপ বা ফিটিংসসমূহ অবশ্যই এক) ইঞ্চি হবে এবং ১/৮" (আট ভাগের এক) ইঞ্চির বেশী হতে পারবে না।

গ) রুট-বিট, বা স্টেয়াঞ্জার-বিড যাতে যথাযথভাবে জমা হতে পারে সে জন্য এ্যালাইনমেন্ট অবশ্যই রক্ষা করতে হবে।

২৪.২.৪। **ওয়েল্ডিং পদ্ধতিঃ** প্রয়োজনে শ্রেণি ১.৩ ও ১.৪ এর নির্দেশ অনুযায়ী কাজ করতে হবে।

২৪.২.৫। **সাধারণ নির্দেশাবলী:**

ক) ঠিকাদারগণকে প্রয়োজনীয় ও 'উপযুক্ত উইন্ড শিল্ড' ও 'রিইন শিল্ড' এর ব্যবস্থা করতে হবে। বৃষ্টির সময় অথবা প্রচন্ড বায়ু প্রবাহের সময় ওয়েল্ডিং-এর কাজ করা যাবে না।

খ) প্রত্যেক 'রান' সম্পন্ন হওয়ার পর 'বিড' খুব ভালভাবে পরিষ্কার করতে হবে যাতে তা 'স্লাগ' ও 'স্কেল' মুক্ত হয় এবং ভালভাবে পরীক্ষা করে দেখতে হবে।

গ) গ্রহণযোগ্যতা নির্ধারণের জন্য কাটিং দেওয়ার পূর্বে সম্পন্নকৃত ওয়েল্ডিং-এর অংশ পরীক্ষা করে দেখতে হবে।

২৪.২.৬। **ফ্ল্যান্জ জয়েন্টঃ** ভাল্ব এবং অন্যান্য ফ্ল্যাঞ্জ ফিটিং ও এ্যাপারেটাস দ্বারা সংযোগ প্রদানের ক্ষেত্রে ফ্ল্যাঞ্জ কেইস অবশ্যই খুব ভালভাবে পরিষ্কার করতে হবে। কোম্পানি কর্তৃক সরবরাহকৃত গ্যাসকেট ব্যবহার করে ফ্ল্যাঞ্জ জয়েন্ট হবে। যা অবশ্যই শুকনাভাবে প্রবেশ করাতে হবে এবং কোন রূপ পেস্ট বা অন্য কিছু ব্যবহার করা যাবে না। বোল্ট খুব সাবধানে সুক্ষ্মভাবে টাইট দিতে হবে যাতে সঠিক সিকুয়েন্স সুরক্ষিত হয় এবং বেশী চাপ না পড়ে।

২৫। **কোটিং এন্ড র‍্যাপিং:**

২৫.১। সকল ভূ-গর্ভস্থ পাইপ স্থাপনের পূর্বে তাতে যাতে মরিচা না ধরে সে জন্য 'কোটিং' ও 'র‍্যাপিং' করে নিতে হবে।

২৫.১.১। 'র‍্যাপিং' এর মালামাল (সাধারণত পিভিসি টেপ) কোম্পানি কর্তৃক সরবরাহ করা হবে যার মূল্য গ্রাহককে পরিশোধ করতে হবে।

২৫.১.২। **সারফেস প্রস্তুতকরণ :**

ক) তেল, গ্রিজ, মরিচা, মিল স্কেল অথবা অন্যান্য দ্রব্যাদি যা পাইপে লেগে যেতে পারে তা উপযুক্ত উপায়ে সরাতে হবে, পরিষ্কার করতে হবে।

খ) 'প্রাইমিং' এর কাজ সম্পন্ন করার পূর্বেই যেন পরিষ্কারকৃত সারফেসে অন্য কোন দ্রব্যাদি লেগে না যায় বা জমা না হয় সেইরূপ ব্যবস্থা করতে হবে।

গ) যদি মরিচা ধরে/পড়ে, তবে তা র‍্যাপিং প্রক্রিয়ায় অথবা তারের সাহায্যে ব্রাশ করে মরিচা মুক্ত করতে হবে।

২৫.১.৩। **প্রাইমিং:**

ক) প্রাইমার ব্যবহারের পূর্বে তা ঝাঁকিয়ে নিতে হবে বা রোলিং করে নিতে হবে।

খ) পরিষ্কার বা ব্রাশিং করার ৪ (চার) ঘন্টার মধ্যে পাইপ প্রাইমিং করতে হবে।

গ) প্রাইমিং করার সময় পাইপ সারফেস শুকনা থাকতে হবে এবং বৃষ্টি ও কুয়াশা থাকলে প্রাইমার ব্যবহার করা যাবে না।

ঘ) ২৫.১.২ নং অনুচ্ছেদে বর্ণিত উপায়ে সারফেস প্রস্তুতকরণের পর প্রাইমার ব্যবহার করতে হবে। নিম্নোক্ত পদ্ধতির যে কোনটির মাধ্যমে প্রাইমিং বা পরিষ্কার করা যাবে:

(*) 'র‍্যাগ' ব্যবহার করে ব্রাশের মাধ্যমে।

(**) স্প্রে করে বা হ্যান্ড ব্রাশের সাহায্যে।

ঙ) ব্যবহারের পর প্রাইমিং কোট ইউনিফর্ম হতে হবে এবং ফ্লাড, স্ল্যাগ, ড্রিগ, হলিডে বা বার স্পট হতে মুক্ত থাকতে হবে।

চ) প্রাইমিংকৃত পাইপে যাতে 'কনটামিনেশন' না হয় সে জন্য প্রয়োজনীয় সময় পর্যন্ত 'স্কিড' এর উপরে রাখতে হবে।

২৫.১.৪। **পিভিসি র‍্যাপিং:** র‍্যাপিং কৃত পাইপের হলিডে হ্যান্ডিলিং এবং পিভিসি টেপ র‍্যাপিং এর জন্য এরূপ সারফেস প্রস্তুতকরণ, প্রাইমিং ও বৈদ্যুতিক পরীক্ষা প্রযোজ্য। তবে ক্ষতিগ্রস্থ কোটিং র‍্যাপিং এর মেরামত/র‍্যাপিং পদ্ধতি ভিন্ন।

২৫.১.৫। **র‍্যাপিং:**

ক) প্রাইমিং এর পর পরই হাতের সাহায্যে বা মেশিনের মাধ্যমে টেপ র‍্যাপিং করতে হবে যাতে একই রকম টান (টেনশন) রক্ষা করা যায়।

খ) গর্ত বা এ্যাবড়ো-থ্যাবড়ো থাকতে পারবে না।

গ) প্রকৌশলীর নির্দেশনা মত টেপ একটার উপর আর একটা ওভার ল্যাপ করে স্থাপন করতে হবে।

২৫.১.৬। **ক্ষতিগ্রস্থ র‍্যাপিং ও কোটিং এর মেরামত করণ:**

ক) টেপের ক্ষতিগ্রস্থ অংশ সরিয়ে/খুলে ফেলতে হবে।

খ) ক্ষতিগ্রস্থ এলাকা পরিষ্কার করে প্রাইমিং করতে হবে।

.................

আবেদনকারীর স্বাক্ষর

গ) টেপিং করার সময় পূর্ণ রাউন্ড এবং ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ওভার ল্যাপিং করতে হবে। প্যাচিং করা চলবে না।

২৬। **করোশন প্রোটেকশন:**

২৬.১। কালো পাইপ (যা আমদানীকৃত বা স্থানীয়ভাবে প্রস্তুত হতে পারে) যেন গ্রীজ ওয়েল, ময়লা, ধূলিকণা ইত্যাদি হতে মুক্ত থাকে সেই জন্য তা ভূ-গর্ভে স্থাপনের পিভিসি বা ফাইবার গ্লাস ও এ্যাসবেসটস ফেল্ট টেপের মাধ্যমে কোটিং প্রয়োগ করতে হবে এবং এই জন্য অনুমোদিত পদ্ধতি ব্যবহার করতে হবে। তবে ১.৫" (দেড় ইঞ্চি) ব্যাসের বা তার নীচের ব্যাসের ব্ল্যাক পাইপে গরম কোলটারের দ্বারা কোটিং দেওয়া যেতে পারে।

২৬.২। কোন বিশেষ প্রোটেকশন ছাড়াই গ্যালভানাইজড পাইপ ভূ-গর্ভে স্থাপন করা যেতে পারে। তবে সংযুক্ত জয়েন্ট সমূহ গরম কোলটারের কোটিং দ্বারা মুড়িয়ে দিতে হবে। এই ক্ষেত্রে কোটিং যুক্ত জয়েন্টের উভয় দিকে ৩" (তিন ইঞ্চি) পর্যন্ত অবশ্যই ব্যাপ্তি থাকবে।

২৬.৩। ভূ-গর্ভের বাইরে যে সকল পাইপ থাকবে (কিন্তু তা গ্যালভানাইজড নয়) তা রেড অক্সাইড দ্বারা পরিষ্কার করে অনুমোদিত এনামেল পেইন্ট দ্বারা ২ (দুই) টি কোটিং প্রয়োগ করতে হবে।

২৭। **সাধারণ নির্দেশাবলী:**

২৭.১। **ভাল্ব ও কক:** ভাল্ব ও লক উইং ডিভাইস আর, এম, এস বা রেগুলেটরের পরে হাউজ লাইনে স্থাপন করতে হবে এবং হাউজ লাইন ঘরে প্রবেশের পূর্বেই তা স্থাপন করতে হবে। ভাল্বসমূহ সহজেই দৃষ্টি গোচর ও সহজগম্য হতে হবে।

২৭.১.১। প্রতিটি স্থাপনা/বার্নারের পূর্বে একটি পৃথকীকরণ ভাল্ব/কক ও লক উইং ডিভাইস স্থাপন করতে হবে।

২৭.১.২। **বাল্ক গ্রাহক:** কিছু কিছু ক্ষেত্রে (যেমন কলোনী, বহুতল বিশিষ্ট বাড়ী) হাউজ লাইনে অতিরিক্ত রেগুলেটর স্থাপন করতে হবে এবং হাউজ লাইনে স্থাপিত প্রাইমারী ও সেকেন্ডারী রেগুলেটরের মধ্যে অপারেটিং প্রেসার ৮-১০ (আট দশ) পি.এস.আই.জি রাখার প্রয়োজন হয়। এই ক্ষেত্রে ঠিকাদারকে পাইপ লাইনে প্রয়োজনীয় চাপে গ্যাস প্রবাহের ব্যাপারে কাজটির মানের নিশ্চয়তা দিতে হবে।

২৭.২। **হাউজ লাইন (চাপ পরীক্ষা) পরীক্ষাঃ** স্থাপিত পাইপ লাইনের ভিতরে কোন বস্তু নাই ইহা নিশ্চিত হওয়ার জন্য পাইপ লাইনের ভিতরে কমপ্রেসড বায়ু প্রবাহিত করা হয়। পাইপ লাইন কাজ শেষ হলে তাতে কোন গ্যাস সরঞ্জাম লাগানোর পূর্বে তা সম্পূর্ণরূপে সীল্ড করতে হবে এবং পাইপ লাইনে নিম্মোক্ত হারে চাপ উত্তোলন করতে হবে।

| **হাউজ লাইন অপারেটিং** | **টেস্টিং লাইন প্রেসার** |
|---|---|
| ক) ২ (দুই) পি.এস.আই.জি পর্যন্ত | ২০ (বিশ) পি.এস.আই.জি বা তার উপরে। |
| খ) ২ (দুই) পি.এস.আই.জি এর উপরে- | ৫০ (পঞ্চাশ) পি.এস.আই.জি বা তার উপরে। |

উপর্যুক্ত চাপ নিশ্চিত করার লক্ষ্যে একটি যথোপযুক্ত প্রেসার গেজ স্থাপন করতে হবে। লাইন প্রেসার উত্তোলন অবস্থায় নিমোক্ত সময়কাল রাখতে হবে।

ক) টেস্টিং প্রেসার ২০ (বিশ) পি.এস.আই.জি পর্যন্ত ..........................ন্যূনতম ৬ (ছয়) ঘন্টা।

খ) টেস্টিং প্রেসার ২০ (বিশ) পি.এস.আই.জি বা ইহার উপরে ন্যূনতম ২৪ (চব্বিশ) ঘন্টা। চাপ পরীক্ষার কাজটি কোম্পানির তত্ত্বাবধায়ক বা প্রতিনিধির উপস্থিতিতে সম্পন্ন করতে হবে।

২৭.৩। হাউজ লাইন স্থাপন ও পার্জিং এর কাজ সম্পন্ন হওয়ার পর গ্যাস সংযোগ কমিশনিং করা কোম্পানির দায়িত্ব। সকল গ্যাস সরঞ্জামাদি (গ্যাস স্থাপনা/বার্নার ইত্যাদি)-এর সংযোগ স্থাপনের পর গ্যাস সংযোগ কমিশনিং করা হবে।

২৭.৪। প্রয়োজন হলে স্পেসিফিকেশনগুলি পরিবর্তন করা যাবে।

....................
আবেদনকারীর স্বাক্ষর

# হাউজ লাইন নির্মাণ সংক্রান্ত বিষয়ে ঠিকাদারের গাইড লাইন হিসাবে প্রয়োজনীয় ডিজাইন ডাটা

## সারণী-১

| গ্যাস সরঞ্জামাদির নাম | ক্ষমতা (ঘনফুট/ঘন্টা) |
|---|---|
| একমুখী/সিঙ্গেল চুলা (আবাসিক) | ৯-১২ |
| দ্বি-মুখী/ডাবল চুলা (আবাসিক) | ২০-২১ |
| কুকিং রেঞ্জ (আবাসিক) | ৬০ |
| সিঙ্গেল ওভেন | ২৫ |
| স্টোরেজ ওয়াটার হিটার (২০ গ্যালন) | ৩০ |
| স্টোরেজ ওয়াটার হিটার (৩০ গ্যালন) | ৪০ |
| স্টোরেজ ওয়াটার হিটার (৫০ গ্যালন) | ৫৫ |
| ইনস্টেন্টেনিয়াস ওয়াটার হিটার ১ (এক) জিপিএম ক্যাপ | ৮৪ |
| ইনস্টেন্টেনিয়াস ওয়াটার হিটার ২ (দুই) জিপিএম ক্যাপ | ১৪০ |
| বুনসেন বার্নার | ৫-১৫ |
| বাণিজ্যিক রেঞ্জ | ১০-১২০ |
| তন্দুর বার্নার | ১২০-১৪০ |

.................

আবেদনকারীর স্বাক্ষর

## সারণী-২

| পাইপের দৈর্ঘ্য (ফুট) | ১০ | ২০ | ৩০ | ৪০ | ৫০ | ৬০ | ৭০ | ৮০ | ৯০ | ১০০ | ১২০ | ১৫০ | ১৭৫ | ২০০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পাইপের ব্যাস (ইঞ্চি) | পাইপের দৈর্ঘ্য (ফুট) এবং পাইপের আকৃতি (ইঞ্চি)-এর তুলনামূলক প্রবাহ ক্ষমতা (ঘনফুট/ঘন্টা) | | | | | | | | | | | | | |
| ১/২" | ১৭৭ | ১২০ | ৯৯ | ৮৩ | ৭৪ | ৬৭ | ৬২ | ৫৮ | ৫৪ | ৫০ | ৪৪ | ৪০ | ৩৭ | ৩৫ |
| ৩/৪" | ৬৮৫ | ২৫৫ | ২০৫ | ১৭২ | ১৫৫ | ১৪০ | ১২৬ | ১২২ | ১০৫ | ১০৩ | ৯৪ | ৮৫ | ৭৮ | ৭৩ |
| ১" | ৬০৯ | ৪৭০ | ৩৮০ | ৩২৫ | ২৯০ | ২৬৪ | ২৪৩ | ২৩৩ | ২০৫ | ১৯৮ | ১৭৭ | ১৬২ | ১৪৭ | ১৩৬ |
| ১ ১/৪" | ১৪১০ | ৯৬০ | ৭৮০ | ৬৭০ | ৫৮৮ | ৫৩৬ | ৪৯৭ | ৪৭০ | ৪৫৫ | ৪০৫ | ৩৬৫ | ৩৩০ | ৩০৫ | ২৮৪ |
| ১ ১/২" | ২১৫০ | ১৪৭০ | ১১৯০ | ১০০০ | ৯১০ | ৮২০ | ৭৬০ | ৭০০ | ৬৬০ | ৬২৮ | ৫৫৭ | ৫০৬ | ৪৬৫ | ৪৫৫ |
| ২" | ৪০০০ | ২৭৮০ | ২২৫০ | ১৯০০ | ১৭০০ | ১৫৪০ | ১৩১৫ | ১২৩৫ | ১২৩৫ | ১১৬০ | ১০৫০ | ৯৭০ | ৮৭০ | ৮২০ |

## সারণী-৩

| পাইপের ব্যাস(ইঞ্চি) | ব্যবহারযোগ্য থ্রেড অংশের সংখ্যা আনুমানিক দৈর্ঘ্য | | আনুমানিক |
|---|---|---|---|
| | ইঞ্চি | টার্ন | |
| ১/২" | ১৭/৩২ | ৭.২৫ | ১৪ |
| ৩/৪" | ৯/১৬ | ৮ | ১৪ |
| ১" | ২১/৩২ | ৮.২৫ | ১১ |
| ১ ১/৪" | ৩/৪ | ৮.২৫ | ১১ |
| ২" | ২৯/৩২ | ১০ | ১১ |

...................
আবেদনকারীর স্বাক্ষর

# কনভারশন টেবিল

## পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

| | | |
|---|---|---|
| ১০০০ ঘন ফুট তেল/পেট্রোল | = | ৬.৫ গ্যালন ফারনেস তেল |
| | = | ৬.১ গ্যালন ডিজেল/কেরোসিন |
| | = | ৯১.৭ পাউন্ড ইন্ডিয়ান কয়লা |
| | = | ৭৭.০ পাউন্ড চাইনিজ কয়লা |
| | = | ১৭৫.৪ পাউন্ড কাঠ |
| | = | ২৯৫.০ পাউন্ড কি, ও |
| ১০০ ঘনফুট গ্যাস/ঘন্টা | = | ২৯ বয়লার অশ্ব শক্তি। |

20.08.2026
(মোঃ আজিজুল বারী)
উপ-ব্যবস্থাপক (ম্যাটেরিয়াল প্ল্যানিং) ও
সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি।

20/08/2026
মোঃ কাওছার আহমেদ
ব্যবস্থাপক (ল' অ্যান্ড পাবলিক রিলেশন) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

20.08.2026.
(প্রকৌ. মোসাঃ আকতার জাহান)
ব্যবস্থাপক (ম্যাটেরিয়াল প্ল্যানিং) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

20/8/26
প্রকৌ. মোঃ তারিকুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (ইএসডি) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

20/8/2026
(এইচ এম জুলফিকার)
উপ-মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(প্রকৌ. মোঃ ফজলুল করিম)
উপ-মহাব্যবস্থাপক (বগুড়া সেলস্) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

20/08/26
( প্রকৌ. এস.এম. মহিবুর রহমান)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।

.................
আবেদনকারীর স্বাক্ষর